২৩। যমোঽপীতি। অস্তঃ নাশম্ ইতাঃ প্রাপ্তাঃ, অস্তমিতি মকারান্তমব্যয়ম্। তস্য দ্বিতীয়া 'শ্রিতাতীতপতিতগতাত্যস্ত প্রাপ্তাপন্নৈ' রিতি সমাসঃ। অস্তমিতাঃ ত্বিষঃ যস্য তেন নিস্তেজস্কেন দণ্ডেন যমোঽপি ভূমিং বিলিখন্ অমোঘেতি প্রাগিতি ভাবঃ। অস্মিন্ দণ্ডে নির্বাণালাতস্য শান্তোল্মুকস্য। অলাতং নাম ভূলেখনশলাকা তস্য যৎ লাঘবং ক্লৈব্যং তৎ কুরুতে। "অলাতমুল্মুখং জ্ঞেয়ম্" ইতি হলায়ুধঃ। 'নির্ব্বাণোঽবাতে' ইতি নিপাতনাৎ নিষ্ঠানত্বম্। অত্রাপি লাঘবমিব লাঘবমিতি কল্পনাৎ নিদর্শনালঙ্কারঃ ॥

২৩। **অনু**—কৃতান্তও স্বীয় তেজোবিহীন দণ্ড দ্বারা ভূমিতলে কি লিখিতেছেন, এবং লোকে নির্ব্বাণপ্রাপ্ত অঙ্গারের যেরূপ ব্যবহার করে, তিনি এই অমোঘ দণ্ডের সেইরূপ ব্যবহার করিতেছেন।

অমী চ কথমাদিত্যাঃ প্রতাপক্ষতিশীতলাঃ।
চিত্রন্যস্তা ইব গতাঃ প্রকামালোকনীয়তাম্ ॥ ২৪

২৪। **অন্বয়ঃ**—প্রতাপক্ষতিশীতলাঃ অমী (দ্বাদশ) আদিত্যাশ্চ চিত্রন্যস্তা ইব প্রকামালোকনীয়তাং কথং গতাঃ ॥

বাচ্য—শীতলৈঃ অমীভিঃ আদিত্যৈঃ চিত্রন্যস্তৈঃ প্রকামালোকনীয়তা গতা ॥

২৪। অমী ইতি। প্রতাপক্ষত্যা তেজসাং ক্ষয়েণ শীতলাঃ অমী আদিত্যাশ্চ দ্বাদশেতি শেষঃ। কথম্? কেন হেতুনা ইত্যর্থঃ। চিত্রন্যস্তাঃ চিত্রলিখিতা ইব প্রকামম্ আলোকনীয়তাং দৃশ্যতাং গতাঃ প্রাপ্তাঃ ॥

২৪। **অনু**—কেনই বা এই দ্বাদশ সূর্য্য তেজোনাশহেতু শীতল হওয়াতে চিত্রাপিত সূর্য্যের ন্যায় নিতান্ত দর্শনযোগ্য হইয়াছে? (অর্থাৎ সূর্য্য স্বভাবতঃ প্রখর দীপ্তিশালী হওয়াতে তাহার দিকে কেহ তাকাইতে পারে না, কিন্তু ইদানীং তেজঃ না থাকাতে সকলেই অনায়াসে ইহাকে অবলোকন করিতে পারে)। ইহার কারণ কি?

পর্য্যাকুলত্বান্মরুতাং বেগভঙ্গোঽনুমীয়তে।
অম্ভসামোঘসংরোধঃ প্রতীপগমনাদিব॥ ২৫

২৫। **অন্বয়ঃ**—মরুতাং পর্য্যাকুলত্বাৎ বেগভঙ্গঃ অম্ভসাং প্রতীপগমনাৎ ওঘসংরোধ ইব অনুমীয়তে (কিমেতৎ)॥

বাচ্য—বেগভঙ্গ ওঘসংরোধম্ অনুমিনোমি॥

২৫। পর্য্যাকুলত্বাদিতি। মরুতাং বায়ূনাং সপ্তসপ্তানামিতি শেষঃ। পর্য্যাকুলত্বাৎ স্খলিতগতিত্বাৎ হেতোঃ বেগস্য ভঙ্গঃ, অম্ভসাং জলানাং প্রতীপ-গমনাৎ উত্তানাবরোহাদি বার্থঃ। ওঘস্য সংরোধঃ প্রবাহপ্রতিবন্ধ ইব অনুমীয়তে॥

২৫। **অনু**—জলের বিপরীত দিকে গতি দেখিলে যেমন উহার প্রবাহ (কোথাও না কোথাও) প্রতিরুদ্ধ হইয়াছে বলিয়া বোধ হয়, সেইরূপ এই উনপঞ্চাশৎ বায়ুর স্খলিত গতি দেখিয়া স্পষ্টই অনুমিত হইতেছে যে, উহাদের বেগ প্রতিরুদ্ধ হইয়াছে।

আবর্জিতজটামৌলিবিলম্বি শশিকোটয়ঃ।
রুদ্রাণামপি মূর্দ্ধানঃ ক্ষতহুঙ্কারশংসিনঃ॥ ২৬

২৬। **অন্বয়**—আবর্জিতজটামৌলিবিলম্বিশশিকোটয়ঃ রুদ্রাণামপি মূর্দ্ধাণঃ ক্ষতহুংকারশংসিনঃ (ভবন্তি, কিমেতৎ)॥

বাচ্য—কোটিভিঃ মূর্দ্ধাভিঃ শংসিভিঃ (ভূয়তে)॥

২৬। আবর্জিতেতি। আবর্জিতেষু পরিভবদুঃখাবনম্রেষু জটানাং মৌলিষু জটা-জুটেষু বিলম্বিন্যঃ স্রংসিন্যঃ শশিকোটয়ঃ চন্দ্ররেখা যেষাং তে তথোক্তাঃ, রুদ্রাণামপি।*

* অথৈকাদশরুদ্রনামানি—অজঃ, একপাৎ, অহিব্রধ্নঃ, পিনাকী, অপরাজিতঃ, ত্র্যম্বকঃ, মহেশ্বরঃ, বৃষাকপিঃ, শম্ভুঃ, হরণঃ, ঈশ্বরঃ, ইতি মহাভারতীয়দানধর্ম্মে॥

একাদশানামিতি শেষঃ। মূর্দ্ধানঃ ক্ষতং হুঙ্কারং শংসন্তি তথোক্তাঃ, হুঙ্কারক্ষতানু-মাপকা ইত্যর্থঃ। হুঙ্কারশস্ত্রা হি রুদ্রা ইতি ভাবঃ॥

২৬। **অনু**—পরিভবদুঃখে (১১শ রুদ্র) মস্তকস্থিত জটাজুট অবনত হইয়া পড়িয়াছে এবং তাহাতে শশিকলাসমূহ বিলম্বিত হইয়া রহিয়াছে,—ইহা দেখিয়া মনে হয়—যেন তাহাদের হুঙ্কারশব্দ ধ্বংস হইয়াছে।

লব্ধপ্রতিষ্ঠাঃ প্রথমং যূয়ং কিং বলবত্তরৈঃ।
অপবাদৈরিবোৎসর্গাঃ কৃতব্যাবৃত্তয়ঃ পরৈঃ॥ ২৭

২৭। **অন্বয়ঃ**—প্রথমং লব্ধপ্রতিষ্ঠাঃ যূয়ং বলবত্তরৈঃ পরৈঃ উৎসর্গাঃ অপবাদৈরিব কিং কৃতব্যাবৃত্তয়ঃ॥

বাচ্য—লব্ধপ্রতিষ্ঠৈঃ যুষ্মাভিঃ উৎসর্গৈঃ কৃতব্যাবৃত্তিভিঃ (ভূয়তে)॥

২৭। লব্ধেতি। প্রথমঃ পূর্ব্বং লব্ধপ্রতিষ্ঠাঃ লব্ধস্থিতয়ঃ, লব্ধাবকাশা ইতি অন্যত্র। যূয়ং বলবত্তরৈঃ পৌরুষাতিরেকাৎ প্রবলতরৈঃ, নিরবকাশৈরিতি অপরত্র। পরৈঃ শত্রুভিঃ উৎসর্গাঃ সামান্যশাস্ত্রাণি "মা হিংস্যাৎ" ইত্যেবমাদীনি। অপোহ্যন্ত এভিরিতি অপবাদৈঃ "গামালভেত" ইত্যাদিভিঃ বিশেষশাস্ত্রৈঃ ইব কিং? কৃতব্যাবৃত্তয়ঃ কৃতপ্রতিষ্ঠাভঙ্গাঃ। কৃতবিষয়সঙ্কোচরূপবাধা ইতি অন্যত্র। বিষয়সঙ্কোচ এব বাধ ইত্যাচার্য্যাঃ। নিষেধশাস্ত্রস্য বৈদিকহিংসাপরিহারেণ লৌকিকমাত্রে ব্যবস্থাপনাৎ বিষয়সঙ্কোচ ইতি অলমতিগহনাবগাহনেন।

২৭। **অনু**—যেরূপ বিশেষ বিধি দ্বারা সামান্য বিধি স্বস্থানচ্যুত হয়, সেইরূপ কোনও প্রবল শত্রুদ্বারা লব্ধপ্রতিষ্ঠিত তোমরা কি পদচ্যুত হইয়াছ?

তদ্‌ব্রূত বৎসাঃ কিমিতঃ প্রার্থয়ধ্বং সমাগতাঃ।
ময়ি সৃষ্টির্হি লোকানাং রক্ষা যুষ্মাস্ববস্থিতা॥ ২৮

২৮। **অন্বয়ঃ**—হে বৎসাঃ সমাগতাঃ (যূয়ম্) ইতঃ কিং প্রার্থয়ধ্বং তৎ ব্রূত, ময়ি লোকানাং সৃষ্টিঃ, রক্ষা যুষ্মাসু অবস্থিতা॥

বাচ্য—সমাগতৈঃ (যুষ্মাভিঃ) প্রার্থ্যতাম্, উচ্যতাম্, সৃষ্ট্যা, রক্ষয়া অবস্থিতম্॥

২৮। তদিতি। তৎ তস্মাৎ কারণাৎ হে বৎসাঃ পুত্রকাঃ। "বৎসস্তুর্ভক-পুত্রাদ্যোর্বর্ষে বৎসন্তু বক্ষসি" ইতি বিশ্বঃ। স্বয়ং পিতামহত্বাৎ বৎসাঃ ইত্যামন্ত্রয়তে। সম্ভূয় আগতাঃ সমাগতাঃ ইতঃ মত্তঃ কিং প্রার্থয়ধ্বম্ কিমিচ্ছতেত্যর্থঃ। ব্রূত।

লোকরক্ষণে যূয়মের কর্ত্তার ইত্যাহ,—ময়ি লোকানাং সৃষ্টিঃ, রক্ষা যুষ্মাসু অবস্থিতা। অতস্তদর্থমপি নাস্তি মদপেক্ষেত্যর্থঃ॥

২৮। **অনু**—অতএব হে বৎসগণ! তোমরা একত্রিত হইয়া আমার নিকট কি প্রার্থনা করিতে আসিয়াছ—বল; তোমরা ত বিদিত আছ যে, কেবল সৃষ্টি করাই আমার কাজ; কিন্তু রক্ষার ভার তোমাদের উপর ন্যস্ত।

ততো মন্দানিলোদ্ধূতকমলাকরশোভিনা।

গুরুং নেত্রসহস্রেণ নোদয়ামাস বাসবঃ॥ ২৯

২৯। **অন্বয়ঃ**—ততঃ বাসবঃ গুরুং মন্দানিলোদ্ধূতকমলাকরশোভিনা নেত্র-সহস্রেণ নোদয়ামাস॥

বাচ্য—বাসবেন গুরুঃ নোদয়ামাসে॥

২৯। তত ইতি। ততঃ ভগবৎপ্রশ্নানন্তরং বাসবঃ ইন্দ্রঃ গুরুং বৃহস্পতিম্ "গুরুর্গীষ্পতিপিত্রাদৌ" ইত্যমরঃ। মন্দানিলোদ্ধূতঃ যঃ কমলাকরঃ স ইব শোভতে ইতি তেন তথোক্তেন নেত্রাণাং সহস্রেণ নোদয়ামাস প্রেরয়ামাস। সহস্রগ্রহণম মাস্থাতিশয়ার্থম্। অনিমেষাণামপি প্রযত্নবশাৎ অক্ষিস্পন্দো ন বিরুধ্যতে॥

২৯। **অনু**—অনন্তর ইন্দ্র, মন্দমারুৎকম্পিত পদ্মসমূহের ন্যায় শোভাশালী স্বীয় সহস্রনেত্রের সঙ্কেত দ্বারা বৃহস্পতিকে প্রত্যুত্তর দিতে ইঙ্গিত করিলেন।

স দ্বিনেত্রং হরেশ্চক্ষুঃ সহস্রনয়নাধিকম্।

বাচস্পতিরুবাচেদং প্রাঞ্জলির্জলজাসনম্॥ ৩০

৩০। **অন্বয়ঃ**—হরেঃ সহস্রনয়নাধিকং দ্বিনেত্রং চক্ষুঃ সঃ বাচস্পতিঃ প্রাঞ্জলিঃ সন্ জলজাসনম্ ইদম্ উবাচ॥

বাচ্য— ···ধিকেন দ্বিনেত্রেণ চক্ষুষা তেন বাচস্পতিনা প্রাঞ্জলিনা (সতা) জলজাসনঃ উচে॥

৩০। স ইতি। হরেঃ ইন্দ্রস্য। "ইন্দ্রো দুশ্চ্যবনো হরিঃ" ইতি হলায়ুধঃ। সহস্রান্নয়নেভ্যোঽধিকং সহস্রনয়নাধিকম্ তৎ অগোচরদর্শিত্বাদিতি ভাবঃ। দ্বে নেত্রে যস্য তৎ দ্বিনেত্রম্ প্রসিদ্ধাৎ চক্ষুষোঽয়ং বিশেষ ইত্যর্থঃ। চক্ষুঃ চক্ষুর্ভূতঃ সর্ব্বশাস্ত্রপরিজ্ঞানহিতবাক্যপ্রদায়কঃ সর্ব্বকার্য্য প্রবীণশ্চ স চক্ষুঃ পরিকীর্ত্তিতঃ" চক্ষুষ্ট্বারোপস্য প্রকৃতোপযোগাৎ পরিণামালঙ্কারঃ। সঃ বাচস্পতিঃ। কক্ষাদিত্বাৎ

অলুক্‌সম্বে। ষষ্ঠ্যাঃ পতিপুত্রেত্যাদিনা সত্বমিতি স্বামী, তন্ন ছন্দোবিষয়ত্বাৎ। প্রাঞ্জলিঃ সন্ জলজাসনং ব্রহ্মাণম্ ইদমূবাচ ॥

৩০। **অনু**—ইন্দ্রের সহস্রনয়নাধিকদর্শী দ্বিনেত্রসম্পন্ন চক্ষুঃস্বরূপ বৃহস্পতি কৃতাঞ্জলিপুটে ব্রহ্মাকে এই প্রকার বলিতে লাগিলেন।

এবং যদাত্থ ভগবন্নামৃষ্টং নঃ পরৈঃ পদম্।
প্রত্যেকং বিনিযুক্তাত্মা কথং ন জ্ঞাস্যসি প্রভো ॥ ৩১

৩১। **অন্বয়ঃ**—হে ভগবন্ (ত্বম্) যৎ আত্থ, তৎ এবং নঃ পদং পরৈঃ আমৃষ্টম্, হে প্রভো! প্রত্যেকং বিনিযুক্তাত্মা কথং ন জ্ঞাস্যসি ॥

বাচ্য—(ত্বয়া) উচ্যতে, তেন (ভূয়তে) বিনিযুক্তাত্মনা জ্ঞাস্যতে (ত্বয়া)॥

৩১। এবমিতি। হে ভগবন্! ষড়গুণৈশ্বর্য্যসম্পন্ন! যদাত্থ "কৃতব্যাবৃত্তয়ঃ পরৈরিতি" যদ্‌ব্রবীষি। "ব্রুবঃ পঞ্চানাম্" ইত্যাদিনাথাদেশঃ। বর্ত্তমান সামীপ্যে বর্ত্তমানবদ্বেতি বর্ত্তমানপ্রয়োগঃ। বামনস্তু ভ্রান্তোঽয়ং প্রয়োগ ইত্যাহ। আহেতি ভূতে ণলন্তভ্রমবদিতি। আহেত্যুপলক্ষণম্ তদেব সত্যম্। নঃ অস্মাকং পদম্ অধিকারঃ পরৈঃ শত্রুভিঃ আমৃষ্টম্। হে প্রভো! প্রত্যেকং প্রতিপুরুষং বিনিযুক্তাত্মা প্রবেশিতস্বরূপঃ সর্ব্বান্তর্যামীত্যর্থঃ। কথম্ ন জ্ঞাস্যসি ন বেৎসি। বর্ত্তমানেঽপি বচনভঙ্গ্যা ভবিষ্যন্নির্দ্দেশঃ প্রসিদ্ধঃ। অপহ্নবে জ্ঞঃ অকর্ম্মকাচ্চেতি আত্মনেপদবিকল্পঃ ॥

৩১। **অনু**—হে ভগবন্! আপনি যাহা বলিলেন তাহা সত্যই; শত্রুগণকর্ত্তৃক আমরা স্ব স্ব অধিকার হইতে বিচ্যুত হইয়াছি। প্রভো! আপনি যখন প্রত্যেক ব্যক্তির হৃদয়ে বিরাজ করিতেছেন—তখন কেনই বা এ বিষয় আপনি জানিতে না পারিবেন?

ভবল্লব্ধবরোদীর্ণস্তারকাখ্যো মহাসুরঃ।
উপপ্লবায় লোকানাং ধূমকেতুরিবোত্থিতঃ ॥ ৩২

৩২। **অন্বয়ঃ**—ভবল্লব্ধবরোদীর্ণঃ তারকাখ্যঃ মহাসুরঃ ধূমকেতুরিব লোকানাম্ উপপ্লবায় উত্থিতঃ ॥

বাচ্য—দীর্ণেন তারকাখ্যেন মহাসুরেণ ধূমকেতুনা উত্থিতম্।

৩২। উক্তমেব প্রপঞ্চয়তি—ভবল্লব্ধ ইতি। ভবতঃ ত্বত্তঃ লব্ধেন বরেণ উদীর্ণঃ উদ্ধতঃ। তারক ইত্যাখ্যা নামধেয়ং যস্য সঃ তারকাখ্যঃ। মহান্ অসুরঃ মহাসুরঃ। সন্মহত্‌পরমোত্তমোত্‌কৃষ্টাঃ পূজ্যমানৈরিতি তৎপুরুষঃ; ধূমকেতুঃ উৎপাতবিশেষ ইব লোকানামুপপ্লবায় উপদ্রবায় উত্থিতঃ উৎপন্নঃ ॥

৩২। **অনু**—তারকনামক এক মহাসুর আপনার নিকট লব্ধ বরপ্রভাবে অত্যন্ত উদ্ধত হইয়া ধূমকেতুর ন্যায় জগৎ ধ্বংস করিবার নিমিত্ত প্রাদুর্ভূত হইয়াছে।

পুরে তাবন্তমেবাস্য তনোতি রবিরাতপম্।
দীর্ঘিকাকমলোন্মেষো যাবন্মাত্রেণ সাধ্যতে ॥ ৩৩

৩৩। **অন্বয়ঃ**—অস্য পুরে রবিঃ তাবন্তমেব আতপং তনোতি, যাবন্মাত্রেণ দীর্ঘিকাকমলোন্মেষঃ সাধ্যতে ॥

বাচ্য—রবিণা তাবান্ আতপঃ তন্যতে, ন্মেষং সাধয়তি ॥

৩৩। পুর ইতি। অস্য তারকস্য পুরে রবিঃ সূর্য্যঃ তাবন্তং তাবন্মাত্রমেব আতপং তনোতি। যাবন্মাত্রেণ যাবতৈব যাবতী মাত্রা মিতির্যস্য যাবন্মাত্রং তেন বা। অল্প পরিমাণেন ইত্যর্থঃ। "মাত্রা পরিচ্ছেদে অল্পে চ পরিমাণে। মাত্রং কার্ত্‌স্ন্যেঽবধারণে" ইত্যমরঃ। দীর্ঘিকাসু ক্রীড়াবাপীষু কমলানামুন্মেষঃ বিকাশঃ সাধ্যতে নিষ্পাদ্যতে। কঠোর কিরণোঽপি মন্দোষ্ণঃ সন্নেব তদ্ভীত্যা পুরে প্রকাশতে ইত্যভিপ্রায়ঃ ॥

৩৩। **অনু**—ইহার পুরীতে সূর্য্যদেব সেই পরিমাণে কিরণ বিস্তার করেন, যদ্দ্বারা তাহার দীর্ঘিকায়স্থিত পদ্মসমূহ বিকসিত মাত্র হইতে পারে।

সর্ব্বাভিঃ সর্ব্বদা চন্দ্রস্তং কলাভির্নিষেবতে।
নাদত্তে কেবলাং লেখাং হরচূড়ামণীকৃতাম্ ॥ ৩৪

৩৪। **অন্বয়ঃ**—চন্দ্রস্তং সর্ব্বদা সর্ব্বাভিঃ কলাভিঃ নিষেবতে, কেবলাং হরচূড়ামণীকৃতাং লেখাং ন আদত্তে ॥

বাচ্য—চন্দ্রেণ স নিষেব্যতে,—কৃতা লেখা ন আদীয়তে ॥

৩৪। সর্ব্বাভিরিতি। চন্দ্রস্তং তারকং সর্ব্বদা কৃষ্ণপক্ষেঽপি ইত্যর্থঃ। সর্ব্বাভিঃ

কলাভিঃ নিষেবতে। "কলা তু ষোড়শো ভাগঃ" ইত্যমরঃ। কেবলাং হরচূড়ামণীকৃতাং শিবশিরোমণীকৃতাং লেখাং নাদত্তে ন গৃহ্লাতি ॥

৩৪। **অনু**—চন্দ্র সমস্ত কলায় পূর্ণ হইয়া এই তারকাসুরের সেবা করিতেছেন, তিনি কেবলমাত্র চন্দ্রশেখরের শিরোভূষণভূত কলাটি গ্রহণ করেন নাই।

ব্যাবৃত্তগতিরুদ্যানে কুসুমস্তেয়সাধ্বসাৎ।
ন বাতি বায়ুস্তৎপার্শ্বে তালবৃন্তানিলাধিকম্ ॥ ৩৫

৩৫। **অন্বয়ঃ**—বায়ুঃ কুসুমস্তেয়সাধ্বসাৎ উদ্যানে ব্যাবৃত্তগতিঃ সন্ তৎপার্শ্বে তালবৃন্তানিলাধিকং ন বাতি ॥

বাচ্য—বায়ুনা ব্যাবৃত্তগতিনা (সতা) বায়তে ॥

৩৫। ব্যাবৃত্তেতি। বায়ুঃ স্তেনস্য ভাবঃ কর্ম্ম বা স্তেয়ং চৌর্য্যম্। স্তেনাদ্যন্নলোপশ্চেতি যৎপ্রত্যয়ঃ নলোপশ্চ। কুসুমানাং স্তেয়ং তস্মাৎ স্তেয়াভিযোগাৎ দণ্ডাৎ বা সাধ্বসং ভয়ং তস্মাদ্ধেতোঃ উদ্যানে ব্যাবৃত্তগতিঃ বিবৃত্তোদ্যানসঞ্চারঃ সন্নিত্যর্থঃ। সাপেক্ষত্বেঽপি গমকত্বাৎ সমাসঃ। তৎপার্শ্বে তৎসমীপে তালস্য বৃন্তৈরুদ্গ্রথ্যতে তালস্যেব বৃন্তমস্যেতি বা তালবৃন্তং তস্য অনিলাৎ ব্যজন—সঞ্চারপবনাৎ অধিকং যথা ন বাতি। "ব্যজনং তালবৃন্তকম্" ইত্যমরঃ ॥

৩৫। **অনু**—কুসুমাপহরণজনিত দণ্ডভয়ে পবন উদ্যানে সঞ্চরণ না করিয়া তাহার সমীপে তালবৃন্তসঞ্চালন জনিত মৃদু বায়ু অপেক্ষা অধিকরূপে প্রবাহিত হয়েন না।

পর্য্যায়সেবামুৎসৃজ্য পুষ্পসম্ভারতৎপরাঃ।
উদ্যানপালসামান্যমৃতবস্তমুপাসতে ॥ ৩৬

৩৬। **অন্বয়ঃ**—ঋতবঃ পর্য্যায়সেবাম্ উৎসৃজ্য পুষ্পসম্ভারতৎপরাঃ সন্তঃ উদ্যানপালসামান্যং তম্ উপাসতে ॥

বাচ্য—ঋতুভিঃ ··· তৎপরৈঃ স উপাস্যতে ॥

৩৬। পর্য্যায়েতি! ঋতবঃ ষট্ বসন্তাদয়ঃ পর্য্যায়সেবাম্ ক্রমসেবাম্ উৎসৃজ্য পুষ্পাণাং সম্ভারে সংগ্রহে তৎপরাঃ আসক্তাঃ সন্ত ইত্যর্থঃ। "তৎপরে প্রসিতাসক্তৌ" ইত্যমরঃ। উদ্যানপালৈঃ উদ্যানাধিকৃতৈঃ সামান্যং সাধারণং যথা ভবতি তথা তং তারকং উপাসতে সেবন্তে, শীতোষ্ণাদিদোষপ্রকাশনন্তু দূরাপাস্তমিত্যর্থঃ।

৩৬। **অনু**—বসন্তাদি ষড়্ ঋতু পর্য্যায়ক্রমে সেবা না করিয়া সকলে এককালে পুষ্পোৎপাদনে (সংগ্রহে) ব্যস্ত হইয়া উদ্যান পালকের ন্যায় তাহার সেবা করিতেছে।

তস্যোপায়নযোগ্যানি রত্নানি সরিতাং পতিঃ।

কথমপ্যম্ভসামন্তরানিষ্পত্তেঃ প্রতীক্ষতে ॥ ৩৭

৩৭। **অন্বয়ঃ**—সরিতাং পতিঃ তস্য উপায়নযোগ্যানি রত্নানি অম্ভসাম্ অন্তঃ আনিষ্পত্তেঃ কথমপি প্রতীক্ষতে ॥

বাচ্য—পত্যা প্রতীক্ষন্তে ॥

৩৭। তস্যেতি। **সরিতাম্পতিঃ সমুদ্রঃ** তস্য তারকস্য উপায়নানাং প্রাভৃতানাং যোগ্যানি। "প্রাভৃতং তু প্রদেশনং উপায়নম্"। উপায়নমুপগ্রাহ্যমুপহারস্তথোপদা" ইত্যমরঃ। রত্নানি অম্ভসামন্তঃ আ নিষ্পত্তেঃ পরিপাকপর্য্যন্তম্। বিকল্পাদসমাসঃ। কথমপি মহতা যত্নেন প্রতীক্ষতে, কদা বা পরিপচ্যেরন্নিত্যেকাগ্রেণ পালয়তীত্যর্থঃ ॥

৩৭। **অনু**—সমুদ্র, সেই তারকাসুরের উপহারযোগ্য রত্নরাজির নিমিত্ত, যতদিন জলমধ্যে তাহারা পরিপক্ক (সুসম্পন্ন) না হয়, ততদিন উৎকণ্ঠিতভাবে প্রতীক্ষা করিয়া থাকেন।

জ্বলন্মণিশিখাশ্চৈনং বাসুকিপ্রমুখা নিশি।

স্থিরপ্রদীপতামেত্য ভুজঙ্গাঃ পর্য্যুপাসতে ॥ ৩৮

৩৮। **অন্বয়ঃ**—জ্বলন্মণিশিখাঃ বাসুকিপ্রমুখাঃ ভুজঙ্গাশ্চ নিশি স্থিরপ্রদীপতাম্ এত্য এনং পর্য্যুপাসতে ॥

বাচ্য—শিখৈ...প্রমুখৈঃ ভুজঙ্গৈঃ এষঃ পর্য্যুপাস্যতে ॥

৩৮। জ্বলদিতি। কিঞ্চেতি চার্থঃ। জ্বলন্ত্যো মণীনাং শিরোরত্নানাং শিখাঃ জ্বালাঃ যেষাং তে বাসুকিপ্রমুখাঃ ভুজঙ্গাঃ সর্পাঃ ষিড়্গাশ্চ ধ্বন্যন্তে। "ভুজঙ্গঃ ষিড়্গসর্পয়োঃ" ইত্যমরঃ। নিশি স্থিরপ্রদীপতাং অনির্ব্বাণদীপত্বং এত্য এনম্ তারকং পর্য্যুপাসতে পরিবৃত্য সেবন্তে ॥

৩৮। **অনু**—যে সকল সর্পের শিরোদেশ উজ্জ্বল মণিমাণিক্যে উদ্ভাসিত, সেই বাসুকি প্রভৃতি সর্পসকল রজনীসময়ে অনির্ব্বাণশীল প্রদীপের কার্য্য করিয়া সেই অসুরের সেবা করে।

তৎকৃতানুগ্রহাপেক্ষী তং মুহুর্দূতহারিতৈঃ।
অনুকূলয়তীন্দ্রোঽপি কল্পদ্রুমবিভূষণৈঃ॥ ৩৯

৩৯। **অন্বয়ঃ**—ইন্দ্রঃ অপি তৎকৃতানুগ্রহাপেক্ষী মুহুঃ দূতহারিতৈঃ কল্পদ্রুম বিভূষণৈঃ তম্ অনুকূলয়তি॥

বাচ্য—ইন্দ্রেণাপি···পেক্ষিণা সঃ অনুকূল্যতে॥

৩৯। তৎকৃতেতি। ইন্দ্রোঽপি তেন তারকেণ কৃতং তৎকৃতমনুগ্রহং প্রসাদং অপেক্ষতে ইতি তথোক্তঃ সন্ মুহুর্দূতহারিতৈঃ কল্পদ্রুমাণাং বিভূষণৈঃ তৎ-প্রসূনৈরিত্যর্থঃ। তং তারকং অনুকূলয়তি অনুকূলং করোতি॥

৩৯। **অনু**—এমনকি, সুরপতিও তারকাসুরের অনুগ্রহপ্রত্যাশী হইয়া সর্ব্বদা দূত দ্বারা কল্পবৃক্ষপ্রসূত কুসুমরাশি প্রেরণপূর্ব্বক তাহাকে প্রসন্ন করিয়া থাকেন।

ইত্থমারাধ্যমানোঽপি ক্লিশ্নাতি ভুবনত্রয়ম্।
শাম্যেৎ প্রত্যপকারেণ নোপকারেণ দুর্জনঃ॥ ৪০

৪০। **অন্বয়ঃ**—(সঃ) ইত্থম্ আরাধ্যমানঃ অপি ভুবনত্রয়ং ক্লিশ্নাতি (তথাহি) দুর্জনঃ প্রত্যপকারেণ শাম্যেৎ উপকারেণ ন॥

বাচ্য—আরাধ্যমানেনাপি (তেন) ক্লিশ্যতে। দুর্জনেন শম্যেত॥

৪০। ইত্থমিতি। ইত্থং উক্তপ্রকারেণ রবিশশিপবনোদধিভুজঙ্গসুরেন্দ্রৈঃ আরাধ্যমানোঽপি ভুবনত্রয়ং ক্লিশ্নাতি পীড়য়তি। তথাহি, দুর্জনঃ প্রত্যপকারেণ প্রতীকারেণৈব শান্তো ভবেত্, উপকারেণ তু ন শাম্যেৎ, প্রত্যুত প্রকুপ্যতীতি ভাবঃ॥

৪০। **অনু**—এইরূপে উপাসিত হইয়াও সেই অসুর ত্রিভুবনের উপর অত্যাচার করিতেছে। দেখুন, দুষ্টজন উপকার দ্বারা শান্ত হয় না; অপকার করিলেই শান্তভাব অবলম্বন করিয়া থাকে।

তেনামরবধূহস্তৈঃ সদয়ালূনপল্লবাঃ।
অভিজ্ঞাশ্ছেদপাতানাং ক্রিয়ন্তে নন্দনদ্রুমাঃ॥ ৪১

৪১। **অন্বয়ঃ**—তেন অমরবধূহস্তৈঃ সদয়ালূনপল্লবা নন্দনদ্রুমাঃ ছেদপাতানাম্ অভিজ্ঞাঃ ক্রিয়ন্তে॥

বাচ্য—সঃ···পল্লবান্···দ্রুমান্ অভিজ্ঞান্ করোতি॥

৪১। তেনেতি। তেন তারকেণ অমরবধূহস্তৈঃ, সুকুমারৈরিতি ভাবঃ। তৈরপি সদয়ম্ আলুনাঃ অবতংসার্থং ছিন্নাঃ পল্লবাঃ যেষাং তে নন্দনদ্রুমাঃ। ছেদাশ্চ পাতাশ্চ ছেদপাতাঃ তেষাম্, অভিজানন্তীতি অভিজ্ঞাঃ কৃদ্যোগাৎ কর্ম্মণি ষষ্ঠী। ক্রিয়ন্তে॥

৪১। **অনু**—সুরবালাগণ যে সকল নন্দনবৃক্ষের পল্লবরাজি দয়ার সহিত (অতি সন্তর্পণে) তুলিয়া লইতেন, এই দুরাচার সেই সকল বৃক্ষকে যথেষ্টভাবে দলিত করিয়া তাহাদিগকে ছেদন ও পাতনের যন্ত্রণা দিতেছে।

বীজ্যতে স হি সংসুপ্তঃ শ্বাসসাধারণানিলৈঃ।
চামরৈঃ সুরবন্দীনাং বাষ্পশীকরবর্ষিভিঃ॥ ৪২

৪২। **অন্বয়ঃ**—হি (যস্মাৎ) স সংসুপ্তঃ সন্ শ্বাসসাধারণানিলৈঃ বাষ্পশীকর-বর্ষিভিঃ বন্দীনাং চামরৈঃ বীজ্যতে॥

বাচ্য—তং সংসুপ্তং···নিলানি···বর্ষীণি চামরাণি বীজয়ন্তি॥

৪২। বীজ্যত-ইতি। হি যস্মাৎ কারণাৎ সঃ তারকঃ সংসুপ্তঃ সন্ শ্বাসসাধারণঃ নিশ্বাসসমানঃ অনিলঃ যেষাং তৈঃ, ততোঽপি আধিক্যে নিদ্রাভঙ্গভয়াদিতি ভাবঃ। বাষ্পশীকরবর্ষিভিঃ। তাসাং স্ত্রীণাং রোদনস্য অয়মবসর ইতি ভাবঃ। সুরপ্রগ্রহস্ত্রীণাং সম্বন্ধিভিঃ। "প্রগহোপগ্রহৌ বন্দ্যাম্" ইত্যমরঃ। চামরৈর্বীজ্যতে॥

৪২। **অনু**—এই অসুর শয়ন করিলে, বন্দীকৃত সুরাঙ্গনাগণ তাহাদের অশ্রুকণা সংসিক্ত, নিঃশ্বাসের মৃদুমন্দ হিল্লোলযুক্ত চামর দ্বারা ইহাকে ব্যজন করিয়া থাকে।

উৎপাট্য মেরুশৃঙ্গাণি ক্ষুণ্ণানি হরিতাং খুরৈঃ।
আক্রীড়পর্ব্বতাস্তেন কল্পিতাঃ স্বেষু বেশ্মসু॥ ৪৩

৪৩। **অন্বয়ঃ**—(হি যস্মাৎ কারণৎ) তেন হরিতাং খুরৈঃ ক্ষুণ্ণানি মেরুশৃঙ্গানি উৎপাট্য স্বেষু বেশ্মসু আক্রীড়পর্ব্বতাঃ কল্পিতাঃ॥

বাচ্য—সঃ আক্রীড়পর্ব্বতান্ কল্পিতবান্।

৪৩। উৎপাট্যেতি। তেন তারকেণ হরিতাং সূর্যাশ্বানাম্। "হরিৎ সূর্যো চ সূর্য্যাশ্বে বর্ণে চ হরিতে দিশি" ইতি বিশ্বঃ। খুরৈঃ শফৈঃ ক্ষুণ্ণানি চূর্ণিতানি। এতেন তেষাং অত্যোন্নত্যং সূচিতম্। মেরুশৃঙ্গাণ্যুৎপাট্য স্বেষু বেশ্মসু।

বেশ্মস্বিতি বহুবচনেন অস্য ভুবনত্রয়নিবাসঃ সূচিতঃ। আক্রীড়ন্তে এম্বিতি আক্রীড়াঃ তে চ পর্ব্বতাঃ কল্পিতাঃ কৃতাঃ ॥

৪৩। **অনু**—এই দুর্বৃত্ত অসুর, সূর্য্যদেবের অশ্বগণের খুরাঘাতচূর্ণীকৃত মেরুশৃঙ্গ সকল উৎপাটিত করিয়া স্বীয় আলয়ে ক্রীড়াশৈল প্রস্তুত করিয়াছে।

মন্দাকিন্যাঃ পয়ঃ শেষং দিগ্বারণমদাবিলম্।
হেমাম্ভোরুহশস্যানাং তদ্বাপ্যো ধাম সাম্প্রতম্ ॥ ৪৪

৪৪। **অন্বয়ঃ**—সাম্প্রতং মন্দাকিন্যাঃ দিগ্বারণমদাবিলং পয়ঃ (এব) শেষং তদ্বাপ্যঃ হেমাম্ভোরুশস্যানাং ধাম (জাতাঃ)।

বাচ্য—দিগ্‌বারণমদাবিলেন পয়সা শেষেণ (জাতম্) তদ্বাপীভিঃ ধাম্না (জাতম্)॥

৪৪। মন্দাকিন্যা ইতি। সাম্প্রতং সম্প্রতি মন্দাকিন্যাঃ ভাগীরথ্যাঃ দিগ্বারণানাং দিগ্‌গজানাং মদৈরাবিলং কলুষং পয়ঃ জলমেব শিষ্যত ইতি শেষং শিষ্টম্। কর্ম্মণি ঘঞ্‌প্রত্যয়ঃ। ত্রিষু অন্যত্রোপযুজ্যত ইতি নপুংসকত্বম্: তর্হি কনককমলানি ক্ব গতানি ইত্যাহ, হেমেতি। হেমাম্ভোরুহাণি এব শস্যানি তেষাস্তু, তস্য বাপ্যঃ তদ্বাপ্যঃ এব ধাম স্থানম্। সর্ব্বাণি উৎপাট্য স্বদীর্ঘিকাসু এব প্রতিরোপিতবান্ ইত্যর্থঃ॥

৪৪। **অনু**—অধুনা মন্দাকিনীতে দিঙ্‌মাতঙ্গদিগের মদজলকলুষিত জলমাত্র অবশিষ্ট রহিয়াছে। তারকাসুরের সরোবর সকল উহার (সুরনদীর) স্বর্ণপদ্মসমূহের আধার-স্থান হইয়াছে।

ভুবনালোকনপ্রীতিঃ স্বর্গিভির্নানুভূয়তে।
খিলীভূতে বিমানানাং তদাপাতভয়াৎ পথি ॥ ৪৫

৪৫। **অন্বয়ঃ**—তদাপাতভয়াৎ বিমানানাং পথি খিলীভূতে সতি স্বর্গিভিঃ ভুবনালোকনপ্রীতিঃ ন অনুভূয়তে॥

বাচ্য—স্বর্গিণঃ প্রীতিং ন অনুভবন্তি॥

৪৫। ভুবনেতি। তস্য তারকস্য আপাতাৎ সমাপত্তেঃ ভয়াৎ বিমানানাং পথি খিলীভূতে অপ্রহতীভূতে সতি। "দ্বে খিলাপ্রহতে সমে" ইত্যমরঃ। স্বর্গিভিঃ দৈবৈঃ ভুবনামালোকনে প্রীতির্নানুভূয়তে॥

৪৫। **অনু**—এমন কি, এই দুরাচারের যাতায়াত আশাঙ্কায় স্বর্গীয় রথের গমনাগমন পথ সকল জনসমাগমশূন্য হইয়াছে; দেবতাগণ আর ভুবদর্শনজনিত প্রীতি অনুভব করিতে পারেন না।

যজ্বভিঃ সম্ভৃতং হব্যং বিততেষ্বধ্বরেষু সঃ।
জাতবেদোমুখান্মায়ী মিষতামাচ্ছিনত্তি নঃ॥ ৪৬

৪৬। **অন্বয়ঃ**—মায়ী সঃ বিততেষু অধ্বরেষু যজ্বভিঃ সম্ভৃতং হব্যং নঃ মিষতাং জাতবেদোমুখাৎ আচ্ছিনত্তি॥

বাচ্য—মায়িনা তেন আচ্ছিদ্যতে॥

৬৪। যজ্বভিরিতি। যজ্বভিঃ বিধিবৎ ইষ্টবদ্ভিঃ "যজ্বা তু বিধিনেষ্টবান্' ইত্যমরঃ। সুযজোঙ্বনিপ্ ইতি ঙনিপপ্রত্যয়ঃ। বিততেষু অধ্বরেষু যজ্ঞেষু সম্ভৃতং দত্তং হব্যং হবিঃ মায়ী মায়াবী ব্রীহ্যাদিত্বাৎ ইনিপ্রত্যয়ঃ। সঃ তারকঃ নঃ অস্মাকং মিষতাং পশ্যতাং পশ্যৎসু সৎসু ইত্যর্থঃ। ষষ্ঠী চ অনাদরে ইতি ষষ্ঠী। জাতবেদা বহ্নিরেব মুখং তস্মাৎ জাতবেদোমুখাৎ আচ্ছিনত্তি আক্ষিপ্য গৃহ্নাতীত্যর্থঃ॥

৪৬। **অনু**—এই মায়াবী, যাজ্ঞিকগণকর্ত্তৃক অনুষ্ঠিত যজ্ঞে প্রদত্ত ঘৃত আমাদের অগ্নিরূপ মুখ হইতে গ্রহণ করিয়া থাকে (কাড়িয়া নেয়)। আমরা কেবল তাহা দেখি।

উচ্চৈরুচ্চৈঃশ্রবাস্তেন হয়রত্নমহারি চ।
দেহবদ্ধমিবেন্দ্রস্য চিরকালার্জ্জিতং যশঃ॥ ৪৭

৪৭। **অন্বয়ঃ**—তেন উচ্চৈঃশ্রবাঃ হয়রত্নম্ দেহবদ্ধং চিরকালার্জ্জিতম্ ইন্দ্রস্য যশ ইব অহারি চ॥

বাচ্য—স উচ্চৈঃশ্রবসং অহার্ষীৎ॥

৪৭। উচ্চৈরিতি। কিঞ্চেতি চার্থঃ। তেন তারকেণ উচ্চৈঃ উন্নতঃ উচ্চৈঃশ্রবা নাম হয়ো রত্নমিব হয়রত্নম্ অশ্বশ্রেষ্ঠঃ। "রত্নং শ্রেষ্ঠে মণাবপি" ইতি বিশ্বঃ। অস্য শুভ্রত্বাৎ উৎপ্রেক্ষ্যতে, দেহবদ্ধং বদ্ধদেহং মূর্ত্তিমদিত্যর্থঃ। আহিতাগ্ন্যাদিত্বান্নিষ্ঠায়াঃ পরনিপাতঃ। চিরকালার্জ্জিতম্ ইন্দ্রস্য যশ ইব অহারি অপহৃতম্॥

৪৭। **অনু**—এই দুর্বৃত্ত দেবরাজের চিরজীবনোপার্জ্জিত মূর্ত্তিমান্ যশোরাশির ন্যায়, তদীয় অত্যুন্নত অশ্বশ্রেষ্ঠ উচ্চৈঃশ্রবাকে অপহরণ করিয়াছে।

তস্মিন্নুপায়াঃ সর্ব্বে নঃ ক্রূরে প্রতিহতক্রিয়াঃ।
বীর্য্যবন্ত্যৌষধানীব বিকারে সান্নিপাতিকে ॥ ৪৮

৪৮। **অন্বয়ঃ**—(যস্মাৎ) ক্রূরে তস্মিন্ নঃ সর্ব্বে উপায়াঃ সান্নিপাতিকে বিকারে বীর্য্যবন্তি ঔষধানীব প্রতিহতক্রিয়াঃ (ভবন্তি)॥

বাচ্য—সর্বৈঃ উপায়ৈঃ বীর্য্যবদ্ভিঃ ঔষধৈঃ প্রতিহতক্রিয়ৈঃ (ভূয়তে)॥

৪৮। তর্হি সামাদ্যুপায়াস্তত্র কথং ন প্রযুক্তাঃ ইত্যত্রাহ,—তস্মিন্নিতি ক্রূরে ঘাতুকে। 'নৃশংসো ঘাতুকঃ ক্রূর "ইত্যমরঃ। তস্মিন্ অসুরে নঃ অস্মাকং সর্ব্বে উপায়াঃ সন্নিপাতদোষত্রয়স্য প্রকোপজে সান্নিপাতিকে বিকারে জ্বরাদৌ প্রতিহতক্রিয়াঃ বিফলপ্রয়োগাঃ ভবন্তি॥

৪৮। **অনু**—সান্নিপাতিক বিকারজ্বরে সারবান্ ঔষধ সকলে: বিফলতার ন্যায়, এই দুর্দান্তদমনবিষয়ে আমাদের অবলম্বিত সমস্ত উপায়ই বিফল হইয়াছে।

জয়াশা যত্র,চাস্মাকং প্রতিঘাতোত্থিতার্চিষা।
হরিচক্রেণ তেনাস্য কণ্ঠে নিষ্কমিবার্পিতম্॥ ৪৯

৪৯। **অন্বয়ঃ**—কিঞ্চ (যস্মাৎ) যত্র অস্মাকং জয়াশা (আসীৎ)। প্রতিঘাতোত্থিতার্চ্চিষা তেন হরিচক্রেণ অস্য কণ্ঠে নিষ্কম্ অর্পিতমিব॥

বাচ্য—জয়াশয়া (অভূয়ত)…তার্চ্চিঃ তৎ হরিচক্রং অর্পিতবদিব॥

৪৯। তদেব প্রতিহতক্রিয়ত্বমাহ,—জয়েতি। কিঞ্চেতি চার্থঃ। নূনমনেন হরিচক্রেণ বয়ং জেষ্যাম ইতি যত্র হরিচক্রে অস্মাকং জয়াশা বিজয়াশংসা আসীদিতি শেষঃ। প্রতিঘাতেন প্রতিহত্যা উত্থিতার্চ্চিযা উদ্‌গততেজসা তেন হরিচক্রেণ বিষ্ণোঃ সুদর্শনেন অস্য তারকস্য কণ্ঠে নিষ্কং উরোভূষণং অর্পিতমিব ইত্যুৎপ্রেক্ষা। স্বয়মেব নিষ্কমিব স্থিতম্ ইত্যর্থঃ। তারকশিরশ্ছেদায় হরিণা চক্রং ত্যক্তং, তদপি নষ্টশক্তি জাতমিতি ভাবঃ। 'সাষ্টে শতে সুবর্ণানাং হেম্ন্যুরোভূষণে ফলে দীনারেঽপি চ নিষ্কোঽস্ত্রী' ইত্যমরঃ॥

৪৯। **অনু**—যাহা দ্বারা আমাদের জয়লাভের আশা ছিল—সেই বিষ্ণুচক্রও

এই মহাসুরের উরঃ স্থলে ব্যাহত হইয়া অগ্নিস্ফুলিঙ্গ উদ্‌গিরণপূর্ব্বক তদ্দ্বারা যেন তাহার কণ্ঠভূষণ রচনা করিয়াছিল।

তদীয়াস্তোয়দেষদ্য পুষ্করাবর্ত্তকাদিষু।
অভ্যস্যন্তি তটাঘাতং নির্জ্জিতৈরাবতা গজাঃ ॥ ৫০

৫০। **অন্বয়ঃ**—অদ্য নির্জ্জিতৈরাবতাঃ গজাঃ পুষ্করাবর্ত্তকাদিষু তোয়দেষু তটাঘাতম্ অভ্যস্যন্তি ॥

বাচ্য—নির্জ্জিতৈরাবতৈঃ তদীয়ৈঃ গজৈঃ তটাঘাতঃ অভ্যস্যতে।

৫০। তদীয়া ইতি। অদ্য সম্প্রতি নির্জ্জিতঃ ঐরাবতঃ যৈঃ তে তথোক্তাঃ তস্য তারকস্য ইমে তদীয়াঃ গজাঃ। পুষ্করাশ্চ আবর্ত্তকাশ্চ নাম আদয়ঃ যেষাং তেষু তোয়দেষু মেঘেষু তটাঘাতং বপ্রক্রীড়াং অভ্যস্যন্তি ॥

৫০। **অনু**—বর্ত্তমান সময়ে তাহার মাতঙ্গসমূহ ঐরাবতকে পরাজিত করিয়া পুষ্করাবর্ত্তকাদি নামক মেঘশ্রেণীতে বপক্রীড়া করিয়া থাকে।

তদিচ্ছামো বিভো স্রষ্টুং সেনান্যং তস্য শান্তয়ে।
কর্ম্মবন্ধচ্ছিদং ধর্ম্মং ভবস্যেব মুমুক্ষবঃ ॥ ৫১

৫১। **অন্বয়ঃ**—হে বিভো! তৎ মুমুক্ষবঃ ভবস্য শান্তয়ে কর্ম্মবন্ধচ্ছিদং ধর্ম্মমিব তস্য শান্তয়ে সেনান্যং স্রষ্টুম্ ইচ্ছামঃ ॥

বাচ্য—সেনানীঃ......ছিদ্‌ধর্ম্মঃ মুমুক্ষুভিঃ ইষ্যতে (অস্মাভিঃ) ॥

৫১। তদিতি। তৎ তস্মাৎ কারণাৎ হে বিভো! স্বামিন্! ভোক্তুং ভবং ত্যক্তুম্ ইচ্ছবো মুমুক্ষবঃ বিরক্তাঃ, ভবস্য সংসারস্য শান্তয়ে নিবৃত্তয়ে কর্ম্মৈব বন্ধঃ তং ছিন্নত্তীতি কর্ম্মবন্ধচ্ছিৎ তং ধর্ম্মমিব আত্মজ্ঞানহেতুভূতমিতি শেষঃ। "তমেব বিদিত্বাতিমৃত্যুমেতি" ইতি জ্ঞানাদেব মুক্তিঃ। তস্য তারকস্য শান্তয়ে নাশায়। সেনাং নয়তীতি নোনানীঃ চমূপতিঃ। সৎসূদ্বিষেত্যাদিনা ক্বিপ্। তং সেনান্যং কঞ্চিৎ স্রষ্টুমিচ্ছামঃ, বয়মিতি শেষঃ।

৫১। **অনু**—মুমুক্ষু ব্যক্তিরা যেমন সংসার গমনের নিবৃত্তি সাধনমানসে কর্মবন্ধনচ্ছেদী ধর্ম্ম উপার্জ্জন করিয়া থাকে, পূর্বোক্ত অত্যাচারহেতু আমরাও তদ্রূপ দুর্বৃত্তের নিধন জন্য এক সেনাপতি সৃষ্টি করিতে ইচ্ছা করি।

গোপ্তারং সুরসৈন্যানাং যং পুরস্কৃত্য গোত্রভিৎ।
প্রত্যানেষ্যতি শত্রুভ্যো বন্দীমিব জয়শ্রিয়ম্॥ ৫২

৫২। **অন্বয়ঃ**—গোত্রভিৎ সুরসৈন্যানাং গোপ্তারং যং পুরস্কৃত্য জয়শ্রিয়ং বন্দীমিব শত্রুভ্যঃ প্রত্যানেষ্যতি॥

বাচ্য—গোত্রভিদা জয়শ্রীঃ বন্দীব প্রত্যানেষ্যতে॥

৫২। সেনানীস্রষ্টেঃ ফলমাহ—গোপ্তারমিতি। সুরসৈন্যানাং দেবতাসেনানাং গোপ্তারং রক্ষিতারং যং সেনান্যং পুরস্কৃত্য পুরোধায় 'পুরোঽব্যয়' মিতি গতিত্বাৎ 'নমস্পুরসোর্গত্যোঃ ইতি সকারঃ। গাং পৃথ্বীং ত্রায়ন্ত ইতি গোত্রাস্তান্ ভিনত্তীতি গোত্রভিৎ ইন্দ্রঃ, জয়শ্রিয়ং বন্দীকৃতাং স্ত্রিয়মিব শত্রুভ্যঃ সকাশাৎ প্রত্যানেষ্যতি প্রত্যাহরিষ্যতি, তং স্রষ্টুম্ ইতি পূর্ব্বেণ সম্বন্ধঃ॥

৫২। **অনু**—এই সেনাপতিকে দেবসৈন্যগণের রক্ষকরূপে অগ্রবর্ত্তী করিয়া, সুরপতি শত্রুহস্ত হইতে বন্দীকৃত কামিনীর ন্যায়, বিজয়লক্ষ্মীকে পুনর্বার সুরপুরে আনয়ন করিবেন।

বচস্যবসিতে তস্মিন্ সসর্জ্জ গিরমাত্মভূঃ।
গর্জিতানন্তরাং বৃষ্টিং সৌভাগ্যেন জিগায় সা॥ ৫৩

৫৩ **অন্বয়ঃ**—তস্মিন্ বচসি. অবসিতে আত্মভূঃ গিরং সসর্জ, সা সৌভাগ্যেন গর্জিতানন্তরাং বৃষ্টিং জিগায়॥

বাচ্য—আত্মভুবা গীঃ সসৃজে, তয়া বৃষ্টিঃ জিগ্যে॥

৫৩। বচসীতি। তস্মিন্ বার্হস্পত্যে বচসি অবসিতে পরিসমাপ্তে সতি আত্মভূঃ ব্রহ্মা গিরং বাচং সসর্জ জগাদ ইত্যর্থঃ। সা গীঃ সৌভাগ্যেন মনোহরত্বেন। হৃত্তগসিন্ধর্ব্বন্তে পূর্ব্বপদস্য চ ইত্যুভয়পদবৃদ্ধিঃ। গর্জিতাৎ গর্জিতস্য বা অনন্তরং প্রবৃত্তাং বৃষ্টিং জিগায় জিতবতী। গর্জিতপরত্বাদ্বৃষ্টেরিব তদ্বিজ্ঞাপনফলত্বাৎ গিরঃ সুভগত্বমিতি ভাবঃ॥

৫৩। **অনু**—বৃহস্পতির বাক্য পরিসমাপ্ত হইলে পর, ভগবান্ বিধাতা প্রত্যুত্তরে যে কথা বলিলেন, তাহা মেঘগর্জ্জনের পরবর্ত্তী বৃষ্টিপাত অপেক্ষাও শ্রুতিমধুর হইয়াছিল।

সম্পৎস্যতে বঃ কামোঽয়ং কালঃ কশ্চিৎ প্রতীক্ষ্যতাম্।
ন ত্বস্য সিদ্ধৌ যাস্যামি সর্গব্যাপারমাত্মনা॥ ৫৪

৫৪। **অন্বয়ঃ**—অয়ং বঃ কামঃ সম্পৎস্যতে (যুষ্মাভিঃ) কশ্চিৎ কালঃ প্রতীক্ষ্যতাম্ অস্য তু সিদ্ধৌ আত্মনা সর্গব্যাপারং ন যাস্যামি॥

বাচ্য—অনেন কামেন সম্পৎস্যতে (যূয়ং) কশ্চিৎ কালং প্রতীক্ষধ্বম্ … যাস্যতে (ময়া)॥

৫৪। সম্পৎস্যত ইতি। অয়ং বঃ যুষ্মাকং কামঃ মনোরথঃ সেনানীরূপঃ সম্পৎস্যতে সেৎস্যতি। কশ্চিৎ কিয়ানপি কালং প্রতীক্ষ্যতাং, তু কিন্তু তস্য সেনান্যঃ সিদ্ধৌ সিদ্ধিবিষয়ে আত্মনা স্বয়ং সর্গঃ সৃষ্টিরেব ব্যাপারঃ তং ন যাস্যামি নাহং স্রক্ষ্যামীত্যর্থঃ॥

৫৪। **অনু**—ব্রহ্মা কহিলেন—বৎসগণ! কিছুদিন অপেক্ষা কর, তোমাদের অভিলাষ পূর্ণ হইবে। কিন্তু তোমাদের এই কামনা পূরণের জন্য আমি স্বয়ং সৃষ্টিকার্য্যে প্রবৃত্ত হইব না।

ইতঃ স দৈত্যঃ প্রাপ্তশ্রীর্নেত এবার্হতি ক্ষয়ম্।
বিষবৃক্ষোঽপি সংবর্দ্ধ্য স্বয়ং ছেত্তুমসাম্প্রতম্॥ ৫৫

৫৫। **অন্বয়ঃ**—ইতঃ প্রাপ্তশ্রীঃ সঃ দৈত্যঃ ইত এব ক্ষয়ং নার্হতি। তথাহি বিষবৃক্ষঃ অপি সংবর্দ্ধ্য স্বয়ং ছেত্তুম্ অসাম্প্রতম্॥

বাচ্য—তেন দৈত্যেন প্রাপ্তশ্রিয়া ক্ষয়ঃ অর্হ্যতে॥

৫৫। কুত ইত্যাশঙ্ক্যাহ—ইত ইতি। ইতঃ মত্তঃ এব প্রাপ্তশ্রীঃ লব্ধোদয়ঃ সঃ দৈত্যঃ তারকাসুরঃ ইতঃ মত্ত এব ক্ষয়ং নাশং নার্হতি। তথাহি,—অন্যো বৃক্ষস্তাবদাস্তাং বিষস্য বৃক্ষঃ বিষবৃক্ষোঽপি সংবর্দ্ধ্য কুতশ্চিৎকারণাৎ সম্যক্ বর্দ্ধয়িত্বা স্বয়ং ছেত্তুম্, অসাম্প্রতং অনর্হঃ অসাম্প্রতমিত্যনেন নিপাতেন অভিহিতত্বাৎ বৃক্ষ ইতি দ্বিতীয়ান্তো ন ভবতি, অনভিহিতে কর্ম্মণি দ্বিতীয়াভিধানাৎ। যত্তাহ বামনঃ—"নিপাতেনাপি অভিহিতে কর্ম্মণি ন কর্ম্মবিভক্তিঃ পরিগণনস্য প্রায়িকত্বাৎ" ইতি॥

৫৫। **অনু**—সেই দৈত্য আমার নিকট হইতেই অভ্যুদয় লাভ করিয়াছে

—সুতরাং আমাদ্বারা তাহার নিধন সংঘটন উচিত নহে। কারণ বৃষবৃক্ষকেও সযত্নে পরিবর্দ্ধিত করিয়া স্বয়ং ছেদন করিতে পারা যায় না।

বৃতং তেনেদমেব প্রাক্ ময়া চাস্মৈ প্রতিশ্রুতম্।
বরেণ শমিতং লোকানলং দগ্ধুং হি তত্তপঃ॥ ৫৬

৫৬। **অন্বয়ঃ**—তেন প্রাক্ ইদমেব বৃতং ময়া চ অস্মৈ (ইদম্) প্রতিশ্রুতম্ লোকান্ দগ্ধুম্ অলং তত্তপঃ বরেণ শমিতং হি (ময়া)॥

বাচ্য—সঃ বৃতবান্, অহঞ্চ প্রতিশ্রুতবান্, শমিতবান্ (অহম্)॥

৫৬। বৃতমিতি। প্রাক্ পূর্ব্বং তেন অসুরেণেদমেব দেবৈরবধ্যত্বমেব বৃতং প্রার্থিতম্। ময়া চাস্মৈ তারকায় প্রতিশ্রুতং প্রতিজ্ঞাতম্। প্রত্যাঙ্ভ্যাম্ শ্রুবঃ পূর্ব্বস্য কর্ত্তরি সম্প্রদানত্বাচ্চতুর্থী। কর্ত্তব্যঞ্চৈতদিত্যাহ,—লোকান্ দগ্ধুম্ অলম্ শক্তম্। পর্য্যাপ্তিবচনেষু অলমর্থেষু ইতি তুমুন্ প্রত্যয়ঃ। তস্য তপঃ তত্তপঃ বরেণ বরদানেন শমিতং হি ময়েতি শেষঃ॥

৫৬। **অনু**—সে পূর্বে "দেবের অবধ্য" এই বর প্রার্থনা করিয়াছিল, আমিও তাহাকে সেই বরই দিয়াছি; এবং এই বর দ্বারা ত্রিভুন-দহনক্ষম তদীয় তপস্যাকে প্রশমিত করিয়াছি।

সংযুগে সাংযুগীনং তমুদ্যন্তং প্রসহেত কঃ।
অংশাদৃতে নিষিক্তস্য নীললোহিতরেতসঃ॥ ৫৭

৫৭। **অন্বয়ঃ**—সংযুগে উদ্যন্তং সাংযুগীনং তং নিষিক্তস্য নীললোহিতরেতসঃ অংশাৎ ঋতে কঃ প্রসহেত॥

বাচ্য—উদ্যন্ সাংযুগীনঃ সঃ কেন প্রসহ্যেত॥

৫৭। সংযুগ ইতি। সংযুগে যুদ্ধে উদ্যন্তম্ ব্যাপ্রিয়মাণম্। সংযুগে সাধু সাংযুগীনং। প্রতিজনাদিভ্যঃ খঞিতি খঞ্ প্রত্যয়ঃ। তং তারকনিষিক্তস্য কচিৎ ক্ষেত্রে ক্ষরিতস্য। "নীলঃ কণ্ঠে লোহিতশ্চ কেশেষু" ইতি নীললোহিত ইতি পুরাণমিতি স্বামী। তস্য নীললোহিতস্য ধূর্জটেঃ রেতস্য শুক্রস্য অংশাদৃতে অংশং বিনা অন্যঃ কঃ প্রসহেত অভিভবেৎ। প্রসহনমভিভব ইতি বৃত্তিকারঃ॥

৫৭। **অনু**—যুদ্ধকুশল সেই তারকাসুর যুদ্ধে প্রবৃত্ত হইলে, শিবের ঔরসজাত সন্তানব্যতীত আর কাহার সাধ্য যে, তাহার সহিত যুদ্ধ করিতে পারে?

স হি দেবঃ পরং জ্যোতিস্তমঃপারে ব্যবস্থিতম্।
পরিচ্ছিন্নপ্রভাবর্দ্ধির্ন ময়া ন চ বিষ্ণুনা॥ ৫৮

৫৮ **অন্বয়ঃ**—স হি দেবঃ তমঃপারে ব্যবস্থিতং পরং জ্যোতিঃ অতএব (সঃ) ময়া ন পরিচ্ছিন্নপ্রভাবর্দ্ধিঃ তথা বিষ্ণুনা চ ন পরিচ্ছিন্নপ্রভাবর্দ্ধিঃ ভবতি॥

বাচ্য—তেন দেবেন ব্যবস্থিতেন পরেণ জ্যোতিষা (ভূয়তে) ময়া···বর্দ্ধিনা বিষ্ণুনা—বর্দ্ধিনা (ভূয়তে)॥

৫৮। কথমসাবীদৃকশক্তিঃ? ইত্যাহ,—স ইতি—। স দেবঃ নীললোহিতঃ তমসঃ পারে পরতঃ ব্যবস্থিতং তমোগুণাতীতং পরং জ্যোতিঃ পরমাত্মা হি অতএব ময়া পরিচ্ছিন্নপ্রভাবর্দ্ধিঃ অবগাঢ়মহিমাতিশয়ো ন ভবতি, তথা বিষ্ণুনা চ ন, অতস্তস্য অসাধ্যং নাস্তীত্যর্থঃ॥

৫৮। **অনু**—সেই মহাদেব তমোগুণাতীত পরমাত্মস্বরূপ; তাঁহার অনন্ত মহিমা আমিও বুঝিতে পারি না, বিষ্ণুও বুঝিতে পারেন না।

উমারূপেণ তে যূয়ং সংযমস্তিমিতং মনঃ।
শম্ভোর্যতধ্বমাক্রষ্টুময়স্কান্তেন লৌহবৎ॥ ৫৯

৫৯। **অন্বয়ঃ**—তে যূয়ম্ উমারূপেণ শম্ভোঃ সংযমস্তিমিতং মনঃ অয়স্কান্তেন লৌহবৎ আক্রষ্টুং যতধ্বম্।

বাচ্য—তৈঃ যুষ্মাভিঃ যত্যতাম্॥

৫৯। সম্প্রতি তদংশোৎপত্তাবুপায়ং দর্শয়তি, উমেতি। তে কার্য্যার্থিনঃ যূয়ং সংযমস্তিমিতং সমাধিনিশ্চলং শম্ভোর্মনঃ উমারূপেণ উমাসৌন্দর্য্যেণ। "রূপং স্বভাবে সৌন্দর্য্যে মাণকে পশুশব্দয়োঃ। গ্রন্থাবৃত্তৌ নাটকাদৌ আকারশ্লোকয়োরপি" ইতি বিশ্বঃ। অয়স্কান্তেন মণিবিশেষেণ "কস্কাদিষু চে"তি সকারঃ লৌহবৎ অয়োধাতুমিব। "তেন তুল্যং ক্রিয়া চেদ্বতি"-রিতি বতিপ্রত্যয়ো মৃগ্যঃ। আক্রষ্টুম্ আহর্ত্তুম্ যতধ্বং উদ্যুক্তা ভবত॥

৫৯। **অনু**—অয়স্কান্ত মণিদ্বারা লৌহ আকর্ষণের ন্যায় তোমরা উমার রূপলাবণ্যদ্বারা মহাদেবের সমাধিনিরত মনকে আকৃষ্ট করিতে চেষ্টা কর।

উভে এব ক্ষমে বোঢ়ুমুভয়োর্বীজমাহিতম্।
সা বা শম্ভোস্তদীয়া বা মূর্ত্তির্জলময়ী মম॥ ৬০

৬০। **অন্বয়**—উভয়োঃ আহিতং বীজং বোঢ়ুং সা উমা বা শম্ভোঃ তদীয়া জলময়ী মূর্ত্তিঃ বা মম উভে এব ক্ষমে॥

বাচ্য—তয়া উময়া তদীয়য়া জলময়্যা মূর্ত্ত্যা উভাভ্যাং—(ভূয়তে)॥

৬০। ন চ গত্যন্তরমস্তীত্যাহ,—উভে ইতি। উভয়োঃ শম্ভোর্মম চ আহিতম্ নিষিক্তম্ বীজম্ তেজঃ বোঢ়ুং সোঢ়ুম্। সা উমা বা শম্ভোরষ্টমূর্ত্তেঃ তস্য ইয়ং তদীয়া জলময়ী মূর্ত্তির্বা মম। উভে এব ক্ষমে ন তৃতীয়েত্যর্থঃ। বাশব্দো দ্বন্দ্বার্থে নতু অন্যার্থে। এতদেব উদাহৃত্য ইত্থমেব ব্যাখ্যাতং গণব্যাখ্যানে। অত্র দীপকালঙ্কারঃ। প্রাকরণিকয়োঃ উমামহেশ্বরয়োঃ অপ্রাকরণিকয়োঃ ব্রহ্মজলমূর্ত্ত্যোশ্চ ঔপম্যস্য গম্যত্বাৎ। যথাহ ভোজরাজঃ,—"প্রস্তুতানামপ্রস্তুতানাঞ্চৌপম্যস্য গম্যত্বে দীপকম্" ইতি। ন চ ইয়ং তুল্যযোগিতা তস্যাঃ কেবলপ্রস্তুতত্বেন চ উত্থানাদিতি॥

৬০। **অনু**—মহাদেবের বীর্য্যপাত সহ্য করিতে কেবল পার্ব্বতী এবং আমার বীর্য্যপাত ধারণ করিতে শিবের জলময়ী মূর্ত্তিই সমর্থা।

তস্যাত্মা শিতিকণ্ঠস্য সৈনাপত্যমুপেত্য বঃ।
মোক্ষ্যতে সুরবন্দীনাং বেণীর্বীর্য্যবিভূতিভিঃ॥ ৬১

৬১। **অন্বয়ঃ**—তস্য শিতিকণ্ঠস্য আত্মা চ সৈনাপত্যম্ উপেত্য বীর্য্যবিভূতিভিঃ সুরবন্দীনাং বেণীঃ মোক্ষ্যতে॥

বাচ্য—আত্মনা বেণ্যঃ মোক্ষ্যন্তে॥

৬১। তস্যেতি। তস্য শিতিকণ্ঠস্য অষ্টমূর্ত্তেঃ আত্মা পুত্র ইত্যর্থঃ। "আত্মা বৈ পুত্রনামাসি" ইতি শ্রুতেঃ। বঃ যুষ্মাকং সেনাপতের্ভাবঃ সৈনাপত্যম্। "পত্যন্তপুরোহিতাদিভ্যো যগি"তি যক্‌প্রত্যয়ঃ। উপেত্য প্রাপ্য বীর্য্যবিভূতিভিঃ বীর্য্য-সম্পত্তিভিঃ সুরবন্দীনাং বেণীর্মোক্ষ্যতে বিভ্রংশয়িষ্যতি তারকাসুরং হনিষ্যতীতি ভাবঃ॥

৬১। **অনু**—সেই মহাদেবের পুত্র তোমাদের সেনাপতি হইয়া স্বীয় বীর্য্যপ্রভাবে বন্দীকৃত সুরকামিনীগণের বেণী মোচন করিয়া দিবে।

ইতি ব্যাহৃত্য বিবুধান্ বিশ্বযোনিস্তিরোদধে।
মনস্যাহিতকর্ত্তব্যাস্তেঽপি দেবা দিবং যযুঃ॥ ৬২

৬২। **অন্বয়ঃ**—বিশ্বযোনিঃ বিবুধান্ ইতি ব্যাহৃত্য তিরোদধে, তে দেবা অপি মনসি আহিতকর্ত্তব্যাঃ দিবং যযুঃ।

বাচ্য—বিশ্বযোনিনা, তৈঃ দেবৈঃ—কর্ত্তব্যৈঃ দ্যৌঃ যযে॥

৬২। ইতীতি। বিশ্বস্য যোনিঃ কারণম্। "যোনিঃ স্ত্রীণাং স্থানভেদে কারণে তাম্রিকে পণে" ইতি বৈজয়ন্তী। বিবুধান্ সুরান্ ইতি ব্যাহৃত্য অভিধায় তিরোদধে অন্তর্হিতবান্। তে দেবা অপি মনসি আহিতং কর্ত্তব্যম্ যৈঃ তে তথোক্তাঃ সন্তঃ দিবম্ স্বর্গং যযুঃ প্রাপুঃ॥

৬২। **অনু**—দেবতাদিগকে এই কথা বলিয়া প্রজাপতি অন্তর্হিত হইলেন, অমরগণও তাহাদের কর্ত্তব্য কার্য্য মনে মনে স্থির করিয়া স্বর্গে প্রস্থান করিলেন।

তত্র নিশ্চিত্য কন্দর্পমগমৎ পাকশাসনঃ।
মনসা কার্য্যসংসিদ্ধিত্বরাদ্বিগুণরংহসা॥ ৬৩

৬৩। **অন্বয়ঃ**—পাকশাসনঃ তত্র কন্দর্পং নিশ্চিত্য কার্য্যসংসিদ্ধি ত্বরাদ্বিগুণরংহসা মনসা অগমৎ॥

বাচ্য—পাকশাসনেন কন্দর্পঃ অগামি॥

৬৩। তত্রেতি। পাকঃ নাম কশ্চিদসুরঃ তস্য শাসনঃ ইন্দ্রঃ তত্র হরচিত্তা-কর্ষণকৃত্যে কন্দর্পং নিশ্চিত্য সাধকত্বেনেতি শেষঃ। কার্য্যসংসিদ্ধৌ ত্বরয়া ঔৎসুক্যেন দ্বৌ গুণৌ যস্য তৎ দ্বিগুণম্ দ্বিরাবৃত্তং রংহঃ বেগো যস্য তেন তথোক্তেন। "গুণস্তু বৃত্তিশব্দাদিজ্যেন্দ্রিয়ামুখ্যজন্তুষু" ইতি বৈজয়ন্তী। মনসা অগমৎ, সস্মার ইত্যর্থঃ। গমের্লুঙ্ ল্ দিত্বা—প্লেরঙাদেশঃ॥

৬৩। **অনু**—ইন্দ্র কামদেবকে হরচিত্তাকর্ষণের উপযুক্ত স্থির করিয়া তাহাকে মনে মনে স্মরণ করিলেন, তখন ইন্দ্রের মানসিক গতি কার্য্যসিদ্ধির ঔৎসুক্যে দ্বিগুণ বেগ ধারণ করিয়াছিল।

অথ স ললিতযোষিদ্‌ভ্রূলতাচারুশৃঙ্গং
রতিবলয়পদাঙ্কে চাপমাসজ্য কণ্ঠে।

সহচরমধুহস্তন্যস্তচূতাঙ্কুরাস্ত্রঃ
শতমখমুপতস্থে প্রাঞ্জলিঃ পুষ্পধন্বা॥ ৬৪

ইতি শ্রীকালিদাসকৃতৌ কুমারসম্ভবে মহাকাব্যে ব্রহ্মাভিগমনো নাম
দ্বিতীয়ঃ সর্গঃ ॥ ২

৬৪। **অন্বয়ঃ**—অথ স পুষ্পধন্বা ললিতযোষিদ্ভ্রূলতাচারুশৃঙ্গং চাপং রতিবলয়পদাঙ্কে কণ্ঠে আসজ্য সহচরমধুহস্তন্যস্তচূতাঙ্কুরাস্ত্রঃ প্রাঞ্জলিঃ (সন্) শতমখম্ উপতস্থে ॥

বাচ্য—তেন পুষ্পধন্বা…চূতাঙ্কুরাস্ত্রেণ প্রাঞ্জলিনা সতা শতমখঃ উপতস্থে ॥

৬৪। অথেতি। অথ স্মরণানন্তরং স স্মৃতঃ ইত্যর্থঃ। পুষ্পং ধনুঃ যস্য সঃ পুষ্পধন্বা কামঃ। "বা সংজ্ঞায়াম্" ইত্যনঙ্। "ললিতং ত্রিষু সুন্দরম্" ইত্যমরঃ। ললিতায়াঃ সুন্দর্য্যা যোষিতঃ ভ্রুবৌ লতে ইব চারুণী শৃঙ্গে কোটী যস্য তৎ তথোক্তং চাপম্। রতিঃ স্মরপ্রিয়া। "রতিঃ স্মরপ্রিয়া ইত্যমরঃ। তস্যাঃ বলয়পদানি কঙ্কণস্থানানি অঙ্কঃ চিহ্নং যস্য স তথোক্তে কণ্ঠে আসজ্য লগয়িত্বা। চাপকণ্ঠবিশেষণাভ্যাং শৃঙ্গারৈকনিধেঃ ত্রিভুবনৈকবীরস্য শৃঙ্গারবীরোপকরণেষু তুল্যরসত্বং ব্যজ্যতে। সহচরস্য সখ্যুঃ মধোঃ বসন্তস্য হস্তে ন্যস্তম্ চূতাঙ্কুরম্ এব অস্ত্রং যস্য স তথোক্তঃ। প্রাঞ্জলিঃ কৃতাঞ্জলিঃ সন্ শতমখম্ ইন্দ্রম্ উপতস্থে সঙ্গতবান্ সঙ্গতিকরণার্থত্বাৎ আত্মনেপদম্। অত্র স্বভাবোক্তিঃ। "স্বভাবোক্তিরলঙ্কারো যথাবদ্বস্তুবর্ণনম্" ইতি। মালিনীবৃত্তমেতৎ। "ন ন ম য য যুতেয়ং মালিনী ভোগিলোকৈঃ" ইতি তল্লক্ষণাৎ ॥

ইতি শ্রীমন্মহামহোপাধ্যায়কোলাচলমল্লিনাথসূরিবিরচিতায়াং
কুমারসম্ভবব্যাখ্যায়াং সঞ্জীবনীসমাখ্যায়াং দ্বিতীয়ঃ সর্গঃ ॥ ২

৬৪। **অনু**—স্মরণ করিবামাত্র কামদেব কৃতাঞ্জলীপুটে তাঁহার সম্মুখে উপস্থিত হইলেন। রতিদেবীর বলয়চিহ্নিত তাঁহার কণ্ঠদেশে, সুন্দরী কামিনীর ভ্রূলতার ন্যায় মনোহর কোটিসম্পন্ন কুসুমধনু অবলম্বিত রহিয়াছে, পার্শ্বে চুতাঙ্করাস্ত্র হস্তে তদীয় সহচর বসন্ত দণ্ডায়মান।

দ্বিতীয় সর্গ সমাপ্ত ॥ ২ ॥

তৃতীয়ঃ সর্গঃ

তস্মিন্ মঘোনস্ত্রিদশান্ বিহায়, সহস্রমক্ষ্ণাং যুগপৎ পপাত।
প্রয়োজনাপেক্ষিতয়া প্রভূণাং, প্রায়শ্চলং গৌরবমাশ্রিতেষু॥ ১

১। **অন্বয়ঃ**—মঘোনঃ অক্ষ্ণাং সহস্রং ত্রিদশান্ বিহায় তস্মিন্ যুগপৎ পপাত। প্রায়ঃ প্রভূণাম্ আশ্রিতেষু গৌরবং প্রয়োজনাপেক্ষিতয়া চলম্॥

বাচ্য—সহস্রেণ পেতে। গৌরবেণ চলেন (ভূয়তে)॥

১। তস্মিন্নিতি। মঘোনঃ ইন্দ্রস্য অক্ষ্ণাং সহস্রং, ত্রিরাবৃত্তা দশা পরিমাণ-মেষামিতি ত্রিদশান্ দেবান্। "সংখ্যয়াব্যয়াসন্নদূরাধিকসংখ্যাঃ সংখ্যেয়ে" ইতি বহুব্রীহিঃ। বহুব্রীহৌ সংখ্যেয়ে ইতি ডচ্‌প্রত্যয়ঃ। উক্তার্থত্বাৎ সুচো নিবৃত্তিঃ। বিহায় ত্যক্ত্বা তস্মিন্ কামে যুগপৎ পপাত। সহস্রেণ অক্ষিভিঃ অদ্রাক্ষীৎ ইত্যাদরাতিশয়োক্তিঃ। নমু সুচিরপরিচিতানেকসুর পরিত্যাগেন ভগবতো মহেন্দ্রস্য কথম্ অকাণ্ডে তস্মিন্নেকস্মিন্ পক্ষপাতঃ? ইত্যাশঙ্ক্য অর্থান্তরং ন্যস্যতি—প্রায়ঃ ভূম্না প্রভূণামাশ্রিতেষু সেবকেষু বিষয়ে গৌরবম্ আদরঃ প্রয়োজনাপেক্ষিতয়া কার্য্যার্থিত্বেন হেতুনা চলম্ চঞ্চলম্। ফলতন্ত্রাঃ প্রভবো নতু গুণতন্ত্রা ইতি ভাবঃ॥

১। **অনু**—ইন্দ্রের সহস্রনেত্র দেবতাদিগকে পরিত্যাগ করিয়া সেই কামদেবের উপরই পতিত হইল, প্রভুগণ প্রয়োজন অনুসারে সেবকদিগের প্রতি তাহাদের আদরের হ্রাস বৃদ্ধি দেখাইয়া থাকেন।

স বাসবেনাসনসন্নিকৃষ্ট মিতো নিষীদেতি বিসৃষ্টভূমিঃ।
ভর্ত্তুঃ প্রসাদং প্রতিনন্দ্য মূর্দ্ধ্না, বক্তুং মিথঃ প্রাক্রমতৈবমেনম্॥ ২

১। **অন্বয়ঃ**—স বাসবেন আসনসন্নিকৃষ্টম্ ইতো নিষীদ ইতি বিসৃষ্টভূমিঃ (সন্) ভর্ত্তুঃ প্রসাদং মূর্দ্ধ্না প্রতিনন্দ্য মিথঃ এনম্ এবং বক্তুং প্রাক্রমত॥

বাচ্য—তেন বাসবেন নিষণ্ণতাম্ ইতি বিসৃষ্টভূমিনা প্রাক্রম্যত॥

২। স ইতি। স কামঃ বাসবেন ইন্দ্রেণ আসনস্য সিংহাসনস্য সন্নিকৃষ্টং সন্নিহিতম্ আসনসন্নিকৃষ্টং যথা তথা। শেষষষ্ঠ্যায়ং সমাসঃ। কৃদ্যোগলক্ষণয়া তু ন। "ন লোকাব্যয়নিষ্ঠাখলর্থতৃনা" মিতি ষষ্ঠীনিষেধাৎ। ইতো নিষীদ ইহ উপবিশ ইতি বিসৃষ্টভূমিঃ দত্তাবকাশঃ সন্ ভর্ত্তুঃ স্বামিনঃ প্রসাদম্ অনুগ্রহং মূর্দ্ধ্না প্রতিনন্দ্য

সম্ভাব্য, মিথ রহসি। "মিথোহন্যোহন্যং রহস্যপি" ইত্যমরঃ। এনম্ ইন্দ্রম্ এবম বক্ষ্যমাণপ্রকারেণ বক্তুং, প্রাক্রমত উপক্রান্তবান্। "প্রোপাভ্যাং সমর্থাভ্যাম্" ইত্যাত্মনেপদম্॥

২। **অনু**—দেবরাজ 'এখানে উপবেশন কর' ইহা বলিয়া নিজ সিংহাসন সমীপে আসন প্রদান করিলে পর কন্দর্প প্রভুর এই অনুগ্রহ শিরে ধারণপূর্ব্বক গোপনে তাঁহাকে বলিতে লাগিলেন।

আজ্ঞাপয় জ্ঞাতবিশেষ! পুংসাং, লোকেষু যত্তে করণীয়মস্তি।
অনুগ্রহং সংস্মরণপ্রবৃত্তমিচ্ছামি সংবর্দ্ধিতমাজ্ঞয়া তে॥ ৩

৩। **অন্বয়ঃ**—হে পুংসাং জ্ঞাতবিশেষ! (তৎ) আজ্ঞাপয়, লোকেষু তে যৎ করণীয়ম্ অস্তি, সংস্মরণপ্রবৃত্তং তে অনুগ্রহম্ আজ্ঞয়া সংবর্দ্ধিতম্ ইচ্ছামি॥

বাচ্য—আজ্ঞাপ্যতাং যেন করণীয়েন ভূয়তে...প্রবৃত্তঃ অনুগ্রহঃ সংবর্দ্ধিতঃ ইষ্যতে॥

৩। আজ্ঞাপয়েতি। হে পুংসাং জ্ঞাতবিশেষ! জ্ঞাতসার! জ্ঞাত-পুংবিশেষেত্যর্থঃ॥ সাপেক্ষত্বেঽপি গমকত্বাৎ সমাসঃ। আজ্ঞাপয়, তদিতি শেষঃ। উত্তরবাক্যে যচ্ছব্দপ্রয়োগাৎ ন পূর্ব্ববাক্যে তচ্ছব্দপ্রয়োগনির্বন্ধঃ। কিং তদিত্যাহ,—লোকেষু তে তব যৎ করণীয়ং কর্ত্তব্যম্ অস্তি। সংস্মরণেন প্রবৃত্তম্ উৎপন্নং তে তব অনুগ্রহং প্রসাদম্ আজ্ঞয়া নিয়োগেন সংবর্দ্ধিতং বৃদ্ধিং গমিতম্ ইচ্ছামি সংস্মরণকৃতমনুগ্রহং কেনচিৎ নিয়োগেন বর্দ্ধয় ক্বচিৎ কর্ম্মণি নিযুঙ্‌ক্ষ্ ইত্যর্থঃ। অন্যথা মে নাস্তি পরিতোষ ইতি ভাবঃ। তুমুন্নন্তপাঠে ণিজর্থে যত্নঃ কার্য্যঃ॥

৩। **অনু**—হে সর্ব্বজনতত্ত্বজ্ঞ! আমাকে জগতে কোন্ কার্য্য করিতে হইবে আদেশ করুন। কোনও কার্য্য করিতে অনুমতি করিয়া আপনার স্মরণজনিত অনুগ্রহ বৃদ্ধি করুন এই আমার অভিলাষ।

কেনাভ্যসূয়া পদকাঙ্ক্ষিণা তে, নিতান্তদীর্ঘৈর্জনিতা তপোভিঃ।
যাবদ্ভবত্যাহিতসায়কস্য, সৎকার্ম্মুকস্যাস্য নিদেশবর্ত্তী॥ ৪

৪। **অন্বয়ঃ**—পদকাঙ্ক্ষিণা কেন (পুংসা) নিতান্তদীর্ঘৈঃ তপোভিঃ তে

অভ্যসূয়া জনিতা ? (তংব্রূহি) যাবৎ (সঃ) আহিতসায়কস্য অস্য মৎকার্ম্মুকস্য নিদেশবর্ত্তী ভবতি ॥

বাচ্য—পদকাঙ্ক্ষী কঃ অভ্যসূয়াং জনিতবান্ (তেন) নিদেশবর্ত্তিনা ভূয়তে ॥

৪। ন চ মে কিঞ্চিদসাধ্যমস্তীত্যাহ,—কেনেতি। পদকাঙ্ক্ষিণা স্বারাজ্য-কামেন কেন পুংসা নিতান্তদীর্ঘৈঃ অতিপ্রভূতৈ স্তপোভিঃ তে তব অভ্যসূয়া ঈর্ষা জনিতা, তং ব্রূহীতি শেষঃ। কিমর্থং ? যাবৎ ততঃ স ভবদ্বৈরী আহিত—সায়কস্য সংহিতবানস্য অস্য মৎকার্ম্মুকস্য নিদেশে বর্ত্ততে ইতি নিদেশবর্ত্তী আজ্ঞাবশো ভবতি অবিলম্বেনৈব ভবিষ্যতীত্যর্থঃ। "বর্ত্তমানসামীপ্যে বর্ত্তমানবদ্বা" ইতি লট্ ॥

৪। **অনু**—স্বর্গরাজ্যাভিলাষুক কোন ব্যক্তি দীর্ঘকালব্যাপী কঠোর তপস্যা করিয়া আপনার ঈর্ষা উৎপাদন করিয়াছে ? বলুন। আমি ক্ষণমাত্র বিলম্ব না করিয়া শরাসনে বাণ সন্ধানপূর্বক তাহাকে আপনার আদেশ পালনে বাধ্য করিতেছি।

অসম্মতঃ কস্তব মুক্তিমার্গং, পুনর্ভবক্লেশভয়াৎ প্রপন্নঃ।
বদ্ধশ্চিরং তিষ্ঠতু সুন্দরীণামারেচিতভ্রূ চতুরৈঃ কটাক্ষৈঃ॥ ৫

৫। **অন্বয়ঃ**—তব অসম্মতঃ কঃ পুনর্ভবক্লেশভয়াৎ মুক্তিমার্গং প্রপন্নঃ (তং বদ যতঃ সঃ অপি) আরেচিতভ্রূ চতুরৈঃ সুন্দরীনাং কটাক্ষৈঃ বদ্ধঃ চিরং তিষ্ঠতু ॥

বাচ্য—অসম্মতেন কেন মুক্তিমার্গং প্রপন্নেন (ভূয়তে) [তেন] বদ্ধেন (সতা) স্থীয়তাম্ ॥

৫। সম্প্রতি চতুর্ব্বর্গে মোক্ষমধিকৃত্যাহ,—অসম্মত ইতি। তব অসম্মতঃ কঃ পুনর্ভবঃ পুনরুৎপত্তিঃ, সংসার ইতি যাবৎ। তত্র যে ক্লেশাঃ জন্মজরামরণা-দয়স্তেভ্যঃ ভয়াৎ মুক্তিমার্গং প্রপন্নঃ তং বদ। যতঃ সোঽপি আরেচিতাভিঃ একৈকশো বিবর্ত্তিতাভিঃ ভ্রূভিশ্চতুরৈঃ সুন্দরীণাং কটাক্ষৈঃ বদ্ধশ্চিরং তিষ্ঠতু। আরেচিত—লক্ষণন্তু—"স্যাদ্ভ্রূবোর্ললিতাক্ষেপাদেকস্যা এব রেচিতম্। তয়োর্মূ-লসমুৎক্ষেপং কৌটিল্যাদ্ভ্রুকুটিং বিদুঃ।" ইতি ॥

৫। **অনু**—কে আপনার বিনানুমতিতে পুনর্জন্ম যন্ত্রণা হইতে পরিত্রাণ

পাইবার জন্য মোক্ষপথ অবলম্বন করিয়াছে ? সে অবিলম্বেই সুন্দরীগণের বিঘূর্ণিত বিলোল-অপাঙ্গ দৃষ্টিপাশে চিরদিনের জন্য বদ্ধ হইবে।

অধ্যাপিতস্যোশনসাপি নীতিং, প্রযুক্তরাগপ্রণিধির্দ্বিষস্তে।
কস্যার্থধর্ম্মৌ বদ পীড়য়ামি, সিন্ধোস্তটাবোধ ইব প্রবৃদ্ধঃ॥ ৬

৬। **অন্বয়ঃ**—উশনসা নীতিম্ অধ্যাপিতস্যাপি তে কস্য দ্বিষঃ অর্থধর্ম্মৌ (অহম্) প্রযুক্তরাগপ্রণিধিঃসিন্ধোস্তটৌ প্রবৃদ্ধঃ ওঘ ইব পীড়য়ামি বদ॥

বাচ্য—প্রযুক্তরাগপ্রণিধিনা প্রবৃদ্ধেন ওঘেন পীড্যেতে, উচ্যতাম্॥

৬। ধর্ম্মার্থৌ অধিকৃত্যাহ,—অধ্যাপিতস্যেতি। উশনসা শুক্রেণ নীতিং নীতিশাস্ত্রম্ অধ্যাপিতস্যাপি অপিশব্দাৎ শুক্রশিষ্যাণাম্ অপ্রধৃষ্যত্বং গম্যতে। "গতিবুদ্ধৌ" তাদিনা দ্বিকর্মকাদিঙ্ধাতোর্ণ্যন্তাৎ প্রধানে কর্ম্মণি ক্তঃ "অপ্রধানে দুহাদীনাং ণ্যন্তে কর্ত্তুশ্চ কর্ম্মণঃ" ইতি বচনাৎ। তে দ্বিষঃ তব শত্রোঃ কস্য অর্থধর্ম্মৌ প্রযুক্তঃ প্রহিতঃ রাগঃ বিষয়াভিলাষ এব প্রণিধিঃ দূতো যেন সোঽহম্।

'প্রণিধিঃ প্রার্থনে চরে" ইতি যাদবঃ। প্রবৃদ্ধঃ ওঘঃ প্রবাহঃ সিন্ধোঃ নদ্যাঃ তটাবিব পীড়য়ামি ? বদ॥

৬। **অনু**—বীচিমালা যেরূপ সমুদ্রের তীরদেশ ভগ্ন করে, সেইরূপ আমি ভবদীয় কোন শত্রুর ধর্ম্ম ও অর্থ, অনুরাগনামক দূত পাঠাইয়া বিনষ্ট করিব—আদেশ করুন। সে যদি শুক্রাচার্য্যের নিকটও নীতিশাস্ত্র অধ্যয়ন করিয়া থাকে—তাহা হইলেও তাহার নিষ্কৃতি নাই।

কামেকপত্নীব্রতদুঃখশীলাং, লোলং মনশ্চারুতয়া প্রবিষ্টাম্।
নিতম্বিনীমিচ্ছসি মুক্তলজ্জাং, কণ্ঠে স্বয়ং গ্রাহনিষক্তবাহুম্॥ ৭

৭। **অন্বয়ঃ**—একপত্নীব্রতদুঃখশীলাং চারুতয়া লোলং মনঃ প্রবিষ্টাং কাং নিতম্বিনীং মুক্তলজ্জাং সতীং কণ্ঠে স্বয়ং গ্রাহনিষক্তবাহুম্ ইচ্ছসি (বদ)॥

বাচ্য—শীলা প্রবিষ্টা কা নিতম্বিনী মুক্তলজ্জা—বাহুঃ ইষ্যতে (উচ্যতাম্)॥

৭। কামমধিকৃত্যাহ,—কামিতি। একঃ পতির্যস্যাঃ সা একপত্নী পতিব্রতা। নিত্যং সপত্ন্যাদিষু ইতি ঙীপ্। তস্যাঃ ব্রতম্ পাতিব্রত্যং তেন দুঃখশীলাং দৃঢ়ব্রতামিত্যর্থঃ। "শীলং স্বভাবে সদ্বৃত্তে" ইত্যমরঃ। চারুতয়া সুন্দরত্বেন হেতুনা

লোলং মনঃ ত্বচ্চিত্তং প্রবিষ্টাং কাং নিতম্বিনীং নারীং মুক্তলজ্জাম্ সতীং কণ্ঠে স্বয়ংগ্রাহনিষক্তবাহুং স্বয়ং গৃহ্ণাতীতি স্বয়ংগ্রাহা। "বিভাষাগ্রহ" ইতি ণপ্রত্যয়ঃ। ন চ জলচর এব গ্রাহ ইতি নিয়মঃ, জলচরঃ গ্রাহ এবেতি নিয়মাদিতি। স্বয়ংগ্রাহা চ সা নিষক্তবাহুশ্চ তাং তথাভূতাম্ ইচ্ছসি। ত্বদর্থে পতিব্রতামপি ব্রতাদ্ভ্রংশয়িষ্যামীত্যর্থঃ। এতচ্চেন্দ্রস্য পারদারিকত্বাদুক্তম্! তথা চ শ্রুতিঃ—"অহল্যায়ৈ জারঃ" ইতি॥

৭। **অনু**—মনোহারিণী বলিয়া আপনার চঞ্চল মনে স্থান লাভ করিয়াছে অথচ পতিব্রতা বলিয়া আপনার প্রতিকূলবর্ত্তিনী—এরূপ কোন্ সুন্দরী লজ্জা ত্যাগ করিয়া স্বয়ং আপনার কণ্ঠ বাহুপাশে আবদ্ধ করিবে বলুন।

কয়াসি কামিন্। সুরতাপরাধাৎ, পাদানতঃ কোপনয়াবধূতঃ।
তস্যাঃ করিষ্যামি দৃঢ়ানুতাপং, প্রবালশয্যাশরণং শরীরম্॥ ৮

৮। **অন্বয়ঃ**—হে কামিন্! (ত্বম্) সুরতাপরাধাৎ পাদানতঃ কোপনয়া কয়া অবধূতঃ অসি (বদ) তস্যাঃ শরীরং দৃঢ়ানুতাপম্ অতএব প্রবালশয্যাশরণং করিষ্যামি॥

বাচ্য—পাদানতং কোপনা কা অবধুতবতী, করিষ্যতে॥

৮। ত্রিবিধা নায়িকা, স্বীয়া পরকীয়া সাধারণী চেতি, তত্র পরকীয়াং প্রত্যুক্তম্। ইতরে প্রত্যাহ,—কয়েতি। হে কামিন্! কামুক! সুরতাপরাধাৎ অন্যাসঙ্গাদিত্যর্থঃ। পাদানতঃ প্রণতঃ সন্ কোপনয়া কোপনশীলয়া কয়া স্ত্রিয়া অবধূতঃ তিরস্কৃতোঽসি। তস্যাঃ শরীরং দৃঢ়ানুতাপং গাঢ়পশ্চাত্তাপম্ অতএব প্রবালশয্যাশরণং করিষ্যামি ইতি॥

৮। **অনু**—হে কামুক! বলুন, সুরতাপরাধে অপরাধী হইয়া পদানত হইলেও কোন্ ক্রোধশীলা কামিনী আপনাকে তিরস্কার করিয়াছে? আমি এখনই তাহার শরীর মদনসন্তপ্ত করিয়া তাহাকে পল্লবশয্যার আশ্রয় গ্রহণ করাইব।

প্রসীদ বিশ্রাম্যতু বীর! বজ্রং শরৈর্মদীয়ৈঃ কতমঃ সুরারিঃ।
বিভেতু মোঘীকৃতবাহুবীর্য্যঃ স্ত্রীভ্যোঽপি কোপস্ফুরিতাধরাভ্যঃ॥ ৯

৯। **অন্বয়ঃ**—হে বীর! প্রসীদ বজ্রং বিশ্রাম্যতু, মদীয়ৈঃ শরৈঃ মোঘীকৃতবাহুবীর্য্যঃ কতমঃ সুরারিঃ কোপস্ফুরিতাধরাভ্যঃ স্ত্রীভ্যোঽপি বিভেতু॥

বাচ্য—প্রসদ্যতাং, বজ্রেণ বিশ্রাম্যতাম্—বীর্য্যেণ কতমেন সুরারিণা ভীয়তাম্ ॥

৯। প্রসীদেতি। হে বীর! প্রসীদ প্রসন্নো ভব বজ্রং কুলিশং বিশ্রাম্যতু উদাস্তামিত্যর্থঃ। মদীয়ৈঃ শরৈর্মোঘীকৃতবাহুবীর্য্যঃ বিফলীকৃতভুজশক্তিঃ কতমঃ? দৈত্যদানবাদিষু যঃ কশ্চন সুরারিঃ। "বা বহূনাং জাতিপরিপ্রশ্নে ডতমচ্" ইতি—ডতমচ্প্রত্যয়ঃ। কোপেন স্ফুরিতাধরাভ্যঃ স্ত্রীভ্যোঽপি বিভেতু, কিমু বক্তব্যং পুংভ্য ইত্যর্থঃ, সকুত্রাতঃ সর্ব্বতো বিভেতীতি। "ভীত্রার্থানাং ভয়হেতুঃ" ইতি অপাদানত্বাৎ পঞ্চমী ॥

৯। **অনু**—বীরবর! প্রসন্ন হউন, আপনার বজ্র বিশ্রাম করুক; কোন সুররিপু আমার শরক্ষেপে হতবীর্য্য হইয়া কোপান্বিত রমণীর স্ফুরিতাধর দর্শনেও ভয়ে কম্পান্বিত কলেবর হইবে—বলুন?

তব প্রসাদাৎ কুসুমায়ুধোঽপি সহায়মেকং মধুমেব লব্ধ্বা।
কুর্য্যাং হরস্যাপি পিনাকপাণে র্ধৈর্য্যচ্যুতিং কে মম ধন্বিনোঽন্যে? ॥ ১০

১০। **অন্বয়ঃ**—তব প্রসাদাৎ কুসুমায়ুধঃ অপি (অহম্) একং মধুমেব সহায়ং লব্ধ্বা পিনাকপাণেঃ অপি হরস্য ধৈর্য্যচ্যুতিং কুর্য্যাম্ অন্যে ধন্বিনঃ মম কে?

বাচ্য—কুসুমায়ুধেনাপি (ময়া) ধৈর্য্যচ্যুতিঃ ক্রিয়েত। অন্যৈঃ ধন্বিভিঃ কৈঃ ভূয়তে ॥

১০। তবেতি। কিং বহুনা, তব প্রসাদাৎ অনুগ্রহাৎ কুসুমায়ুধোঽপি অতিদুর্ব্বলাস্ত্রোঽপি অহম্ একং মধুম্ বসন্তমেব সহায়ং লব্ধ্বা পিনাকঃ পাণৌ যস্য সঃ পিনাকপাণিঃ প্রহরণার্থেভ্যঃ পরে নিষ্ঠাসপ্তম্যৌ। তস্য হরস্যাপি। হরঃ পিনাকী চেত্যতিদারুণ ইতি ভাবঃ। ধৈর্য্যচ্যুতিং ধৈর্য্যহানিং কুর্য্যাম্, শক্নুয়ামিত্যর্থঃ। শকিলিঙ্ চেতি শক্যার্থে লিঙ্। অন্যে ধন্বিনঃ ধনুর্ভৃতঃ মম কে ন কেঽপীত্যর্থঃ। কিংশব্দঃ কুৎসায়াম্। "কুৎসাপ্রশ্নবিতর্কেষু বুধৈঃ কিংশব্দ ইষ্যতে" ইতি শাশ্বতঃ ॥

১০। **অনু**—আমি পুষ্পধনু হইলেও একমাত্র বসন্তকে সহায় করিয়া আপনার অনুগ্রহে স্বয়ং পিনাকপাণি মহাদেবের ধৈর্য্যচ্যুতি ঘটাইতে পারি। অন্য ধনুর্ধারীর ত কথাই নাই।

অথোরুদেশাদবতার্য্য পাদমাক্রান্তিসম্ভাবিতপাদপীঠম্।
সঙ্কল্পিতার্থে বিবৃতাত্মশক্তিমাখণ্ডলঃ কামমিদং বভাষে ॥ ১১

১১। **অন্বয়ঃ**—অথ আখণ্ডলঃ উপদেশাৎ পাদম্ আক্রান্তিসম্ভাবিতপাদপীঠম্ অবতার্য্য সংকল্পিতার্থে বিবৃতাত্মশক্তিং কামম্ ইদং বভাষে॥

বাচ্য—আখণ্ডলেন বিবৃতাত্মশক্তিঃ কামঃ বভাষে॥

১১। অথেতি। অথ স্মরবাক্যশ্রবণানন্তরম্ আখণ্ডলঃ সহস্রাক্ষঃ উরুদেশাৎ পাদম্ আক্রান্ত্যা আক্রমণেন সম্ভাবিতং পাদপীঠং যস্মিন্ তদ্‌যথা তথা অবতার্য্য, সংকল্পিতার্থে হরচিত্তাকর্ষণরূপে বিষয়ে বিবৃতাত্মশক্তিম্ "কুর্য্যাং হরস্যাপি" ইত্যাদিনা প্রকটীকৃতস্বসামর্থ্যং কামং স্মরম্ ইদম্ বক্ষ্যমাণং বভাষে॥

১১। **অনু**—অতঃপর দেবেন্দ্র নিজ উরুদেশ হইতে চরণটি নামাইয়া পাদপীঠে স্থাপন করাতে পাদপীঠ যেন বিশেষ অনুগৃহীত হইল; পরে তিনি কামদেবকে স্বীয় কাম্যসাধন বিষয়ে উৎসাহ ও সামর্থ্য প্রকাশ করিতে দেখিয়া বলিতে লাগিলেন।

সর্ব্বং সখে! ত্বয্যুপপন্নমেতদুভে মমাস্ত্রে কুলিশং ভবাংশ্চ।
বজ্রং তপোবীর্য্যমহৎসু কুণ্ঠং ত্বং সর্ব্বতোগামি চ সাধকঞ্চ॥ ১২

১২। **অন্বয়ঃ**—হে সখে! সর্ব্বম্ এতৎ ত্বয়ি উপপন্নম্, মম কুলিশং ভবাংশ্চ উভে অস্ত্রে (তত্র) বজ্রং তপোবীর্য্যমহৎসু কুণ্ঠং, ত্বম্ সর্ব্বতোগামি চ সাধকঞ্চ॥

বাচ্য—সর্ব্বেণ এতেন উপপন্নেন ভূয়তে, উভাভ্যাং অস্ত্রাভ্যাং (ভূয়তে) বজ্রেণ কুণ্ঠেন সর্ব্বতোগামিনা সাধকেন (ভূয়তে)॥

১২। সর্ব্বমিতি। হে সখে! সখে ইতি সম্বোধনং গৌরবার্থম্। সর্ব্বমেতৎ ত্বয়ি উপপন্নং সিদ্ধং, মম কুলিশং বজ্রং ভবাংশ্চ উভে অস্ত্রে, তত্র বজ্রং তপোবীর্য্যেণ তপোবলেন মহৎসু প্রবলেষু কুণ্ঠং প্রতিবদ্ধপ্রসরং, ত্বম্ অস্ত্রং সর্ব্বতোগামি চ সাধকঞ্চ, তাপসেষ্বপি অকুণ্ঠমিত্যর্থঃ॥

১২। **অনু**—সখে! তোমার কথিত সমস্তেরই তোমাতে সম্ভাবনা আছে। বজ্র এবং তুমিই আমার অস্ত্র; বজ্র তপোবল সম্পন্ন মহাপুরুষদিগের নিকট বিফল হইয়া থাকে, কিন্তু তুমি আমার অব্যাহতগতি ও অব্যর্থ সন্ধান অস্ত্র।

অবৈমি তে সারমতঃ খলু ত্বাং কার্য্যে গুরুণ্যাত্মসমং নিযোক্ষ্যে।
ব্যাদিশ্যতে ভূধরতামবেক্ষ্য কৃষ্ণেন দেহোদ্বহনায় শেষঃ॥ ১৩

১৩। **অন্বয়ঃ**—(হে সখে!) তে সারম্ অবৈমি, অতঃ খলু আত্মসমং ত্বাং

গুরুণি কার্য্যে নিয়োক্ষ্যে (তথাহি) কৃষ্ণেন ভূধরতাম্ অবেক্ষ্য শেষঃ দেহোদ্বহনায় ব্যাদিশ্যতে ॥

বাচ্য—সারঃ অবেয়তে, (ত্বং) আত্মসমং নিয়োক্ষ্যসে, কৃষ্ণঃ শেষং ব্যাদিশতি ॥

১৩। **অবৈমীতি**। হে সখে! তে সারং বলম্ অবৈমি বেদ্মি, অতঃ খলু অতএব আত্মসমং মত্তুল্যং ত্বাম্, গুরুণি মহতি কার্য্যে "তস্মৈ হিমাদ্রেঃ ইতি" বক্ষ্যমাণে নিয়োক্ষ্যে। 'স্বরাদ্যন্তোপসৃষ্টাদিতি বক্তব্যমিতি সূত্রস্থাৎ বার্ত্তিকাৎ আত্মনেপদনিয়মঃ। তথাহি সারপরীক্ষাপূর্ব্বক এব সর্ব্বত্র নিয়োগ ইত্যাহ,—কৃষ্ণেন বিষ্ণুনা। ধরতীতি ধরঃ পচাদ্যচ্, ভুবো ধরঃ ভূধরঃ তস্য ভাবস্তত্তাং ভূধরতাং ভূধরণশক্তিমিত্যর্থঃ। অবেক্ষ্য জ্ঞাত্বা শেষঃ সর্পরাজঃ দেহোদ্বহনায় স্বদেহমুদ্বোঢ়ুম্। ক্রিয়ার্থোপপদস্যেত্যাদিনা চতুর্থী। ব্যাদিশ্যতে নিযুজ্যতে। শেষশায়ী হি ভগবান্ ॥

১৩। **অনু**—আমি তোমার শক্তি বিশেষরূপে জানি এইজন্যই আমার তুল্য তোমাকে গুরুকার্য্যে নিয়োগ করিব। দেখ, বিষ্ণু অনন্তের ভূভার বহন ক্ষমতা দেখিয়াই তাঁহাকে নিজ শরীর বহনে নিযুক্ত করিয়া থাকেন।

আশংসতা বাণগতিং বৃষাঙ্কে কার্য্যং ত্বয়া নঃ প্রতিপন্নকল্পম্।
নিবোধ যজ্ঞাংশভুজামিদানীমুচ্চৈর্দ্বিষামীপ্সিতমেতদেব ॥ ১৪

১৪। **অন্বয়ঃ**—বৃষাঙ্কে বাণগতিম্ আশংসতা ত্বয়া নঃ কার্য্যং প্রতিপন্নকল্পম্ ইদানীম্ উচ্চৈর্দ্বিষাং যজ্ঞাংশভুজাম্ এতদেব ঈপ্সিতং নিবোধ ॥

বাচ্য—কার্য্যেণ প্রতিপন্নকল্পেন (ভূয়তে) নিবুধ্যতাম্ ॥

১৪। নিয়োগাঙ্গীকারং সিদ্ধবৎ কর্ত্তুমাহ,—আশংসতেতি। বৃষাঙ্কে হরে বাণগতিং বাণপ্রসরম্ আশংসতা কথয়তা "কুর্য্যাং হরস্যাপি পিনাকপাণেঃ" ইত্যাদিনেতি শেষঃ, ত্বয়া নঃ অস্মাকং কার্য্যং প্রতিপন্নকল্পমঙ্গীকৃতপ্রায়ম্। ঈষদসমাপ্তৌ কল্পপ্রত্যয়ঃ। কথমেতৎ? অত আহ, যজ্ঞাংশভুজাং দেবানাম্। এতেন দ্বিষল্লুপ্তযজ্ঞভাগত্বং সূচ্যতে। ঈপ্সিতম্ আপ্তুমিষ্টম্ এতদেব হরে বাণপ্রয়োগরূপমেব নিবোধ, হরায়ত্তং বুধ্যস্ব ইত্যর্থঃ। বুধ বোধনে ইতি ধাতোর্লোট্। অত্র আশংসতা প্রার্থয়মানেনেতি নাথব্যাখ্যানমনাথব্যাখ্যানম্। আঙ্ পূর্ব্বয়োঃ শাস্তিশংসত্যোরিচ্ছার্থত্বে আত্মনেপদনিয়মাৎ। যজ্ঞার্থত্বস্য অপ্রামাণিকত্বাৎ। কুর্য্যাং হরস্য অপি" ইতি অত্রানয়োরভাবাৎ অয়োগাচ্চে'ত ॥

১৪। **অনু**—মহাদেবের উপরও তোমার বাণের শক্তি আছে, এই কথা

বলাতে আমাদের কার্য্যগ্রহণে তোমার প্রায় স্বীকার করাই হইয়াছে। সম্প্রতি প্রবল শত্রু পীড়িত যজ্ঞভাগভোজী দেবতাগণের ইহাই অভিপ্রেত জানিও।

অমী হি বীর্য্যপ্রভবং ভবস্য জয়ায় সেনান্যমুশন্তি দেবাঃ
স চ ত্বদেকেষু নিপাতসাধ্যো ব্রহ্মাঙ্গভূর্ব্রহ্মণি যোজিতাত্মা॥ ১৫

১৫। **অন্বয়ঃ**—অমী দেবা জয়ায় ভবস্য বীর্য্যপ্রভবঃ সেনান্যম্ উশন্তি হি ব্রহ্মাঙ্গভূঃ ব্রহ্মণি যোজিতাত্মা স চ ত্বদেকেষু নিপাতসাধ্যঃ॥

বাচ্য—অমীভিঃ দেবৈঃ বীর্য্যপ্রভবঃ সেনানীঃ উশ্যতে, ব্রহ্মাঙ্গভুবা যোজিতাত্মনা তেন……নিপাতসাধ্যেন ভবিষ্যতে॥

১৫। কিং তৎকার্য্যং কথং বা তস্য হরায়ত্তত্বং? কুতো বা মদপেক্ষা? ইত্যত্রাহ,—**অমী** ইতি। যস্মাৎ অমী দেবাঃ জয়ায় শত্রুজয়ার্থং ভবস্য হরস্য বীর্য্যপ্রভবং তেজঃসম্ভূতং সেনান্যং সেনাপতিম্ উশন্তি কাময়ন্তে, বশকান্তৌ ইতি ধাতোর্লট্। ব্রহ্মণাং সদ্যোজাতাদিমন্ত্রাণাম্ অঙ্গানাং হৃদয়াদিমন্ত্রাণাং ভূঃ স্থানম্ ব্রহ্মাঙ্গভূঃ কৃতমন্ত্রন্যাস ইত্যর্থঃ। ব্রহ্মণি নিজতত্ত্বে, "বেদস্তত্ত্বং তপোব্রহ্ম" ইত্যুভয়ত্রাপি অমরঃ। যোজিতাত্মা নিয়মিতচিত্তঃ মন্ত্রন্যাসপূর্ব্বকং ব্রহ্ম ধ্যায়ন্নিত্যর্থঃ। সঃ ভবঃ চ ত্বদেকেষোঃ তব একবাণস্য নিপাতেন সাধ্যঃ অনন্যসাধ্যোঽয়মস্মিন্ অবসর ইতি ভাবঃ॥

১৫। **অনু**—এই অমরগণ জয়লাভের জন্য মহাদেবের ঔরসজাত সেনাপতি বাসনা করিতেছেন; অঙ্গন্যাসপূর্ব্বক পরমতত্ত্বে নিহিত চিত্ত সেই যোগেশ্বর কেবলমাত্র তোমার বাণাঘাতেই বশীভূত হইবেন।

তস্মৈ হিমাদ্রেঃ প্রযতাং তনূজাং যতাত্মনে রোচয়িতুং যতস্ব।
যোষিৎসু তদ্বীর্য্যনিষেকভূমিঃ সৈব ক্ষমেত্যাত্মভুবোপদিষ্টম্॥ ১৬

১৬। **অন্বয়ঃ**—যতাত্মনে তস্মৈ প্রযতাং হিমাদ্রেঃ তনূজাং রোচয়িতুং যতস্ব. যোষিৎসু ক্ষমা তদ্বীর্যনিষেকভূমিঃ সৈব ইতি আত্মভুবা উপদিষ্টম্॥

বাচ্য—যত্যতাম্, ক্ষময়া……ভূম্যা তয়া আত্মভূঃ উপদিষ্টবান্॥

১৬। তস্মৈ ইতি যতাত্মনে নিয়তচিত্তায় তস্মৈ ভবায়। রুচ্যর্থানাং প্রীয়মাণ ইতি সম্প্রদানত্বাৎ চতুর্থী। প্রযতাং হিমাদ্রেস্তনূজাং পার্ব্বতীম্ রোচয়িতুং যতস্ব। ভবিতব্যঞ্চ অত্র পার্ব্বত্যা এবেত্যাহ যোষিৎসু স্ত্রীষু মধ্যে "যতশ্চ নির্দ্ধারণ

মিতি সপ্তমী।" ক্ষমা শক্তা তস্য হরস্য বীর্য্যং রেতস্তস্য নিষেকঃ ক্ষরণং তস্য ভূমিঃ ক্ষেত্রং সা পার্ব্বত্যেব ইতি আত্মভুবা ব্রহ্মণা উপদিষ্টম্ "উভে এব ক্ষমে বোঢ়ুম্" ইত্যাদিনা উক্তমিত্যর্থঃ ॥

১৬। **অনু**—গিরিজা যাহাতে সেই সমাধিস্থ ভূতভাবনের মনোহারিণী হয়েন সে বিষয়ে যত্ন কর। রমণীগণের মধ্যে কেবল তিনিই উহার বীর্য্যধারণে সমর্থ এই কথা প্রজাপতি বলিয়াছেন।

গুরোর্নিযোগাচ্চ নগেন্দ্রকন্যা স্থাণুং তপস্যন্তমধিত্যকায়াম্।
অন্বাস্ত ইত্যপ্সরসাং মুখেভ্যঃ শ্রুতং ময়া মৎপ্রণিধিঃ স বর্গঃ॥ ১৭

১৭। **অন্বয়ঃ**—নগেন্দ্রকন্যা চ গুরোঃ নিয়োগাৎ অধিত্যকায়াং তপস্যন্তং স্থাণুম্ অন্বাস্তে অপ্সরসাং মুখেভ্যঃ শ্রুতম্ স বর্গঃ মৎপ্রণিধিঃ ॥

বাচ্য—নগেন্দ্রকন্যয়া তপস্যন্ স্থাণুঃ অন্বাস্যতে অহম্ শ্রুতবান্, তেন বর্গেণ মৎপ্রণিধিনা (ভূয়তে) ॥

১৭। সাপীদানীং সন্নিকৃষ্টৈব তস্যেত্যাহ, গুরোরিতি। নগেন্দ্রকন্যা পার্ব্বতী চ গুরোঃ পিতুঃ নিয়োগাৎ শাসনাৎ অধিত্যকায়াং হিমাদ্রেরূর্দ্ধভূমৌ "ভূমিরূর্দ্ধমধিত্যকা" ইত্যমরঃ উপাধিভ্যাং ত্যকন্ আসন্নারূঢ়য়োরিতি ত্যকন্-প্রত্যয়ঃ। তপস্যন্তং তপশ্চরন্তম্। "কর্মণোরোমন্থতপোভ্যাং বর্তিচরো"রিতি ক্যঙ্প্রত্যয়ঃ, ততঃ শতৃপ্রত্যয়ঃ। স্থাণুং রুদ্রম্ অন্বাস্তে উপাস্ত ইত্যর্থঃ। ইদং ময়া অপ্সরসাং মুখেভ্যঃ শ্রুতম্। ন চ এতদৈতিহ্যমাত্রমিত্যাহ—স বর্গঃ সোঽপ্সরসাং গণঃ মৎপ্রণিধিঃ মম গূঢ়চরঃ। "প্রণিধিঃ প্রার্থনে চরে ইতি যাদবঃ।

১৭। **অনু**—অপ্সরাদিগের মুখে শুনিয়াছি যে, গিরিবালাও পিতৃনির্দেশানুসারে হিমগিরির অধিত্যকাতে তপস্যানিরত শিবের আরাধনা করিতেছেন। পূর্ব্বোক্ত অপ্সরাগণ আমারই গুপ্তচর।

তদ্গচ্ছ সিদ্ধ্যৈ কুরু দেবকার্য্যমর্থোঽয়মর্থান্তরভাব্য এব।
অপেক্ষতে প্রত্যয়মুত্তমং ত্বাং বীজাঙ্কুরঃ প্রাগুদয়াদিবাম্ভঃ॥ ১৮

